রজনি উজাগরি নাগর নাগরি সুতি রহু কিশলয় সেজে। রতি রস আলসে অবশ কলেবর দুহুঁ তনু দুহুঁ নাহি তেজে॥ সজনি সুতি রহু নীলজ কান। রাই জাগাই লেই চলু মন্দিরে যব নাহি হোত বিহান॥ ধ্রু॥ রাইক কবরি বান্ধ সখি

ক্রীড়াং দর্শয়তি দ্বিজরাজ চন্দ্রং কোকনদে রক্তোৎপলেন। খপুর গুবাকঃ॥ ১৮॥

এতদ্রসোপযুক্ত নিদ্রা সঞ্চারি ভাবাং শ্রীমতীং দৃষ্ট্বা রাস জাগরণে নিকুঞ্জ ভবনে ইত্যাদিনা তৎ কৌশলং বর্ণয়তি॥ ১৯॥

রজনি উজাগরি ইত্যাদিনা দ্বয়োরেব তৎ কৌশলং বর্ণয়তি। কবরী

সম্বরি পিঞ্ছ মুকুট গড়ি যাউ। মণিময় মূদরি মোহন মুরলী এতুহু যতনে চোরাও॥ ঘুমল কানু যুগতি শুনি ঐছন রাইক কোরে আগোরি। গোবিন্দ দাস পহু চতুর শিরো-মণি নিরসল সহচরি চোরি॥ ২০॥

ললিত রাগ মণ্ঠক তালো॥

বলি বলি জাত ললিতা আলি। শ্যাম গোরি মুখ মণ্ডল ঝলকই ছবি উঠত অতি ভালি॥ ধ্রু॥ কুসুমিত কুঞ্জ কুটির মন মোহন কুসুম শেযে দুহুঁ নওল কিশোর। কোকিল মধুকর মঙ্গল গায়ত বন বৃন্দাবন আনন্দে হিলোল॥ রজনিক শেষে জাগি শ্যাম সুন্দরি বৈঠলি সখি গণ সঙ্গ। শ্যাম বয়নে ধনি করহি আগোরল কহইতে রজনিক রঙ্গ॥ হেরি ললিতা তব মৃদু ২ হাসত পুলকে রহলি তন ভোরি। নীল বসনে তনু ঝাপলি সুন্দরি লাজে রহলি মুখ মোরি॥ যব মুখ মোরি রহল তহিঁ নাগরি কানু করল পুন কোর। আনন্দ হিলোলে দাস নরোত্তম হেরত যুগল কিশোর॥ ২১

বেলোয়ার ধ্রুব তালো॥

চল লহু মন্দিরে নওল কিশোরি। হেরই হরি মুখ অলস বিলোচনে চেতন রতন চোরাওলি গোরি॥ ধ্রু॥ ঝামর বদন শ্যাম ঘন চুম্বনে প্রাতর মধুর শশোধর কাঁতি। চম্পক

মূদরি হস্তাঙ্গুলীয় রত্নমুদ্রা॥ ২০॥

ততঃ প্রবোধ ভাবান্তরো স্তয়োঃ সখীনাং তত্রস্থ তীর্য্য গাদীনামপি অনন্দাদতিশয়ং বলিবলি জাত ইত্যাদিনা দর্শয়তি॥ ২১॥

ততো গমন সৌষ্ঠবং চললহু মন্দির ইত্যাদিনা বর্ণয়তি॥ ২২॥

মাল ললিত করে বারই পরিমলে লুবধল মধুকর পাঁতি॥ বিগলিত কেশ বেশ সব খণ্ডিত নখ পদ মণ্ডিত হৃদয় নিহারি। পীত বসনে চমকি তনু ঝাপই রস আবেশে চলু চলই না পারি॥ লহু ২ হাসি সম্ভাসই সহচরি সচকিত লোচনে দশ দিক্ চাহি। গোবিন্দ দাস কহই যনি গুরুজন জানই চলহ ত্বরিতে ঘর যাই॥ ২২॥ ৩৯১॥ ৪১৩

অথ রসোদ্গার ॥

অস্মোচিত গৌরচন্দ্র শ্রীকৃষ্ণ রূপ গীতে প্রাক্ লিখিতে অত্র গেয়ে লিখিষ্যমাণেচ॥

কহু রাগ নন্দন তালাভ্যাং॥

কহ ২ সখি নিকুঞ্জ মন্দিরে আজুকি হোয়ল ধন্দ। চপলে ঝাপল বনু জলধর নীল উতপল চন্দ॥ ফণি মণি বর উগরে নিরখি শিখিনি আনত গেল। সুমেরু শিখরে সুরত রঙ্গিণি কেবল তরল ভেল॥ কিংকিনি কংকন করু কলরব নূপুর অধিক তাহে। সুকাম নটনে তুরিজত্রিকহু ঐছন সকল সোহে॥ না কর গোপন নিজ পরি নিজ্জ ইহ বুঝি

অথ তদ্রসোদ্গাগর প্রস্তাবার্থং শ্রীমতীং প্রতি কহ কহ সখি নিকুঞ্জ মন্দিরে ইত্যাদিক মাহ। চপলে বিদ্যুত্তা কিং জলধর আচ্ছাদিতঃ পুনর্নীলোৎপলেন চন্দ্রঃ। অত্র বেনী এব ফণী তদগ্রগত সূক্ষ্ম মণি ভূষণং দৃষ্ট্বা শিখিনী ময়ূর বর্হাযুক্তঃ সপুনর্গতঃ। তদা সুমেরু দ্বয় পরিমুক্তা হারান্দোলনাৎ সুরতরঙ্গিণী গঙ্গা তরল ভেল ঊর্ম্মিভিস্তরলা বভূব তৎ পক্ষে হার মধ্যগঃ তদর্থ প্রতিপাদিতঃ। শব্দশ্লেষেণ সুরতে রঙ্গিণী সুকাম নটনে তুরি

অনুমান। বিদ্যাপতি কৃত কৃপায়ে তাঁহারি কোন জন ইহ গান ॥ ১ ॥

সুহই রাগ যতি তালৌ ॥

পিয়াসে পিরিতে জানে। যে দেখি যে শুনি চিতে অনুমানি নিছনি দেই পরাণে ॥ ধ্রু ॥ সো যদি সিনাও আগিলা ঘাটে পিছিলা ঘাটে সে নায়। মোর অঙ্গ জল পরস লাগিয়া বাহু পসারিয়া রয় ॥ বসনে বসনে লাগিব লাগিয়া একু রজকেরে দেয়। মোর নামে আধা আখর পাইয়া হরিষ হইয়া লেয় ॥ ছায়ায় ছায়ায় লাগিব লাগিয়া ফিরয়ে কতেক পাকে। সে মোর অঙ্গের বাতাস লাগিয়া সে মুখে সে দিন থাকে ॥ মনের আকুতি বেকত করিতে কতেক সন্ধান জানে। যে পায়ের সেবক রায় শেখর কিছু বুঝে অনুমানে ॥ ২ ॥

কৌড়ব রাগ যতি তালৌ ॥

অখিল ভুবন মাহা তুহুঁ বর নারি। সুপুরুখ নাহ তোহে মিলল মুরারি ॥ কতহু যতনে বিহি করি অনুমান। নায়র নায়রি কয়ল নিরমাণ ॥ কহ ২ সুন্দরি রজনি বিলাস।

ভ্রি কহ ঐছন সকল গোহে ইতি যথা বিদগ্ধ কন্দর্প নর্ত্তকস্থ নাট্যে তৌর্য্য ত্রিকং নৃত্যগীত বাদ্যং ॥ ১ ॥

প্রথমতঃ শ্রীকৃষ্ণস্থ স্বস্থাং প্রেমাধিক্যং অনুকূলত্বঞ্চ পিয়াসে পিরিতি জানে ইত্যাদিনা কথয়তি। যে পায়ের সেবক রায় শেখর যৎ পাদস্থ সেবকঃ অত্র রেফ এব যষ্ঠ্যর্থং বোধয়তি ॥ ২ ॥

পুন স্তদ্রস কথনাবহিথামবলম্ব্য অখিল ভুবন মাহ তুহ বর নারি ইত্যাদি

কৈছন নাহ পুরায়ল আশ॥ পিয়াক পিরিতি হাম কইই না পারি। লাখ বয়ান বিহি না দিল হামারি॥ করে ধরি পিয়া মোরে বৈঠাওল কোর। সুগন্ধি চন্দনে তনু লেপল মোর॥ আপন মালতি মালা হিয়াসে উতারি। কণ্ঠে পড়ায়ল যতনে হামারি॥ ফুয়ল কবরি বান্ধই অনুপাম। তাহে বেঢ়ায়ল চম্পক দাম॥ মধুর মধুর দিঠী হেরয়ে বয়ান। আনন্দ জলে পরি পূরল নয়ান॥ ভণএ বিদ্যা পতি ইহ পর সঙ্গ। ধনি ভূলল কহইতে রজনিক রঙ্গ॥ ৩॥

বিভাস রাগ যতি তালে॥

আজুক জামিনি নিধুবনে আনি করিল বিবিধ রাস। রসের সাগরে ডুবাইল মোরে ভূললু আপন বাস॥ শুনহ মরম সই। তুহু সে হামারি প্রাণের দোসর তেঞিসে তোহাঁরে কই॥ তাঁহার সাধন বচন যতেক তাহাকি কহন যায়। রতি বিপরীত লাগিয়া নাগর ধয়ল হামারি পায়॥ তাঁহার পিরিতি বশ যে হইয়া করিলু তাহার মত। না জানিলু মুঞি তাঁহার সুখে আপনি হইলু রত॥ মোর শ্রম জল হইয়া বিকল মোছয়ে আপন করে। বিজন লইয়া আপুনি বিজয়ে আমার ছরম ডরে॥ সে সব কাহিনি কহিতে আপনি অবশ হইছে অঙ্গ। এ রাধা মোহন দাস

চরণ ত্রয়েণ পুনঃ পৃচ্ছতি ততঃ শ্রীমতী পিয়াক পিরিতি হাম কহই নাপারি ইত্যাদিনা প্রত্যুত্তরং করোতি॥ ৩॥

ততঃ আজুক যামিনি নিধুবনে আনি ইত্যাদিনা পরমাশ্চর্যাঃ নিবে-

কি শুনব এসব প্রেমক রঙ্গ ॥ ৪ ॥

সুহই রাগ নন্দন তালাভ্যাং ॥

কি কহব রে সখি কেলি বিলাস। বিপরিত সুরত নায়র অভিলাষ ॥ ধ্রু ॥ মানত নায়র দূরে রহু লাজ। অবিরত কিংকিনি কঙ্কন বাজ ॥ উনইতে ঐছন লহু ২ ভাষ। তুহুঁ মুখ হেরইতে উপজল হাস ॥ শ্রম জল বিন্দু মুখ সুন্দর জ্যোতি। কনক কমলে যৈছে ফুটি রহু মোতি ॥ কুচ যুগ কনক ধরাধর জানি। ভাঙ্গি পড়ল যনু পহুঁ দিল পাণি॥ ভণহু বিদ্যাপতি শুন বর নারি। নহিলে কি বশ কৈছে তোহারি মুরারি ॥ ৫ ॥

রাম কিরি রাগ সম তালৌ ॥

তড়িত লতা তলে জলদ সম্ভারল আঁতরে সুরধুনি ধারা। তরল তিমির শশি সূর গরাসল চৌদিশে খসি পড়ু তারা ॥ সখি হে কি কহব নাহিক ওরে। সপন কি পরতেক কহিতে না পারিয়ে কি অতি নিকট কি দূরে ॥ ধ্রু ॥ অম্বর খসল

দরাতি ॥ ৪ ॥

কি কহবরে সখি ইত্যাদিনা পূর্বানুভূতমেব স্পষ্টযতি। অস্যার্থঃ সুগমঃ ॥ ৫ ॥

শ্রীকৃষ্ণস্য প্রেম্না নিজ কিঞ্চিদ্বৈবশ্য কৃতা ক্রিয়াং তড়িত লতাতলে ইত্যাদিনাহ আঁতরে মধ্যে স্বর্ধুনী গঙ্গাধারা মুক্তাহার ইতি জ্ঞেয়ং তরল তিমির স্থায়ী কুন্তলঃ শশিস্থায়ী চন্দন বিন্দুঃ যদ্বা মুখং সূরঃ সূর্য্যঃ ততঃ স্থায়ী সিন্দুর বিন্দুঃ টীকা শশিফুল ইতি খ্যাতঃমণিময়ালঙ্কার বিশেষো বা। তারা তারখ্য হার বিশেষঃ সৈব নক্ষত্র মালা স্যাৎ সপ্তবিংশতি মৌক্তিকৈ রিত্যমরঃ।

ধরাধর উলটল ধরণী ডগমগ ডোলে। খরতর বেগ সমীরণ সঞ্চরু চঞ্চরি গণ করু রোলে॥ প্রলয় পয়োধি জলে যনু ঝাঁপল ইহ নহ যুগ অবসানে। কো বিপরীত কথা পাতি আয়ব কবি বিদ্যাপতি ভানে॥ ৬॥

প্রাচীন সিন্ধোড়া রাগ নন্দন তালৌ॥

কিনা সে কানুর প্রেম। আঁখি পালটিতে নাহি পরতিত যেন দারিদ্রের হেম॥ ধ্রু॥ হিয়ায় হিয়ায় লাগিব লাগিয়া চন্দন নাপরে অঙ্গে। গায়ের ছায়া বায়ের দোসর রাত্রে দিনে থাকে সঙ্গে॥ তিলে কত বেরি মুখ নিরখয়ে, আঁচরে মোছয়ে ঘাম। কোরে থাকিতে দূর হেন বাসে তেঞি সদা লয়ে নাম॥ জাগিতে ঘুমিতে আন নাহি চিতে রসের পসার কাছে। জ্ঞান দাস কহে এমন পিরিতি আর কি জগতে আছে॥ ৭॥ ৪১৩॥ ৪২০॥

অথানুরাগঃ॥

তত্র গৌরচন্দ্র যথা॥

বরাড়ি রাগ প্রতি মঠক তালৌ॥

জয় ২ শচী সুত গৌরাঙ্গ সুন্দর। জয় ২ অনুরাগ ভাব

সপন কি পরতেক ইত্যত্র আনন্দ হুল্লুম রূপঃ মোহ প্রায়ঃ স্বয়মেবোক্তঃ। এতদাদি চরণে নির্জোক্তি রেতদিতি গম্যতে অন্যথা পূর্ব্বাপর চরণ সংগতি র্নস্যাৎ। চঞ্চরিগণ ভ্রমরীগণঃ॥ ৬॥

তত্রাপং কথয়িত্বা শ্রীকৃষ্ণস্য প্রেমাতিশয়ং কিনা সে কানুর প্রেম ইত্যাদিনা বর্ণয়তি॥ ৭॥

অথাস্যানুরাগ গান নির্ব্বাহকং তদ্ভাবাক্রান্তং শ্রীগৌরচন্দ্রং জয় জয়

কলেবর ॥ ধ্রু ॥ কহইতে গদ গদ আধ ২ বোল। প্রেমে গর গর মন আনন্দ হিলোল ॥ হরি ভজন পহুঁ করল নির্দ্ধারে। অতএসে মহা মন্ত্র যাচিল সভারে ॥ সে আজ্ঞা নিজ ২ ভজন অনুসারে। কত কত পাতকি পাইল ভব পারে ॥ মুঞিত পাপিষ্ঠ অতি তাহা না মানিয়া। সংসার সাগরে ঘোরে রহিনু পড়িয়া ॥ এ রাধা মোহন কয় দন্তে তৃণ ধরি। আমা উদ্ধার কর প্রভু দয়াল গৌর হরি ॥ ১ ॥

এতদুচিত রূপং যথা ॥

সারঙ্গ রাগ মঠক চঞ্চু পুট তালাভ্যাং ॥

সজনি অপরূপ গোকুল চান্দ। অনুভবি পিরিতি মুরতি কিএ সুধাময় মুরতি মনো শশ ফাঁদ ॥ ধ্রু ॥ নব নব জলধর নিন্দি মনোরম স্ফটিকন বরণ উজোর। কাম কামান জিতি ভাঙ ধুনায়তি যছু সরে কামিনী ভোর ॥ পীতাম্বর ধর সুঘড় বেণুকর মুনি মন মোহন ঠাঠ। বর কৌস্তুভ ধর মাল্য মনোহর বপু নব মনমথ নাট ॥ পদ নখ চন্দ অমন্দ সুধা ঝর থাবর জঙ্গম প্রাণ। রাধামোহন প্রভু নব নব অনুখন সহজহি রূপ নিধান ॥ ২ ॥

সুহই রাগেকতালী তালাভ্যাং ॥

তুমি কি না জান সৈ যত পরমাদ। কি ঘর বাহির

শচীসুত গৌরাঙ্গ সুন্দর ইত্যাদিনা। স্মরতি নিজোদ্ধারমপি যাচতে ॥ ১ ॥

তদ্যোচিত রূপং সজনি অপরূপ গোকুলচান্দ ইত্যাদিনা স্মরতি ॥ ২ ॥

তুমি কিনা জান সই যত পরমাদ ইত্যাদিনানুরাগ স্থায়ি ভাবেনাত্মনঃ

লোকে বলে পরিবাদ॥ ধ্রু॥ তমু সে বন্ধুরে আমি পাশরিতে নারি। কি বিধি বিয়াধি দিলে কি বুধি বা করি॥ কি খেনে দেখিলু সে বিদগধ রায়। পাষাণের রেখ যেন মেটন না যায়॥ গুরু জন যত বোলে শ্রবণে না শুনি। কি করিতে কি না হয় কহই না জানি॥ দেখিয়া যতেক লোক করে পরিহাস। চান্দের উদয়ে যেন তিমির বিনাশ॥ পতির আরতি যেন জ্বলন্ত আগুনি। বন্ধুর পিরিতি বুকে বহিছে ত্রিবেণী॥ সোঙরি সে রূপ গুণ পরাণ জুড়ায়। ভালে জ্ঞান দাস চিতে সোয়াত না পায়॥ ৬॥

ভাটিয়ারি রাগ দশকোশী তালো॥

জিতে পাসরিল নহে বন্ধুর পিরিতি। কি ঘর বাহির লোকে বোলে অকি রিতি॥ অন্তর-বাহির চিতে অবিরত জাগ। না জানি কি লাগি তাহে এত অনুরাগ॥ সই বড়ি পরমাদ। শয়নে সপনে মনে নাহি অবসাদ॥ ধ্রু॥ দেখিতে না দেখে আঁখি শ্যাম বিনু আন। ভরমে আনের কথা না

শ্রীকৃষ্ণ প্রেম বশাত্ত্বং কথয়তি। তথাহি সদামৃত ম[illegible] ঃ বৃন্দাবন নবং প্রিয়ং। রাগো ভবন্নব নবঃ সো হনুরাগ ইতীর্য্যতে। পরস্পর বশীভাবঃ প্রেম বৈচিত্র্যকং তথা। অপ্রাণিন্যপি জন্মাপ্ত্যৈ লালসাঃ ভর উন্নতঃ। বিপ্রলম্ভস্য বিস্ফূর্ত্তি রিত্যাদ্যাঃ স্ফুরিহ ক্রিয়াঃ॥ ত্রিবেণী গঙ্গা যমুনা সরস্বতী বহতি তদ্বৎ প্রীতিঃ প্রবলা হৃদি বিরাজতে ইত্যর্থঃ। এতেন তদ্বশ্যত্বং ব্যক্তং॥ ৬।

এতোপ্যাং কথয়া জিতে পাসরিল নাহে বন্ধুর পিরিতি। ইত্যাদিবং

কহে বয়ান॥ শুনিতে শুনিয়ে সেই পরসঙ্গ। সোঙরি সঘন মোর পুলকিত অঙ্গ॥ হিয়ার আরতি কহিতে নাহি দেশ। মরমে ধরম কথা না করে প্রবেশ॥ গৃহ কাজ করিতে আউলাএ সব দেহ। জ্ঞান দাস কহে বড়ি বিসম শ্যাম লেহ॥ ৪॥

তিরোতা ধানশী প্রতি চঞ্চু পুট তালো॥

সুন্দরি ধরবি বচন হামার। কানুক প্রেম রতন পুন গোপবি বেকত করবি কুলাচার॥ ধ্রু॥ ধৈরজ লাজ কয়ল তুয়া সমুচিত শুনবি গুরু জন ভাষ। আপনক মান আপে পুন রাখবি যৈছে নহত উপহাস॥ তুয়া সম কো পুন আছয়ে ত্রিভুবন কুল শীল গুণবন্ত। ঐছন দুহুঁ কুল হেরইতে উজর ধন জন গৌরব অন্ত॥ ভাব অঙ্কুর যব হোয়ব অন্তর আনত দেওবি চীত। গোবিন্দ দাস কহ ঐছে প্রেম নহ অনুরাগ গতি বিপরীত॥ ৫॥

গান্ধার যতি তালো॥

নব নব গুণ গণ শ্রবণ রসায়ন নয়ন রসায়ন অঙ্গ। রভস সম্ভাষণ হৃদয় রসায়ন পরশ রসায়ন সঙ্গ॥ এ সখি রসময় শ্যাম সুনাগর কো ধনি বিছু রয়ে পাব॥ ধ্রু॥ গুরু জন গর

পুনরাহ॥ অস্যার্থঃ সুগমঃ॥ ৪॥

পূর্ব্ব গীতোক্তস্যাস্ত রঙ্গতা রূপেণ তস্যাঃ পরীক্ষার্থং বা সুন্দরি ধরবি বচন হামার ইত্যাদিনা প্রত্যুত্তরং করোতি। অস্যার্থঃ স্পষ্টঃ॥ ৫॥

প্রত্যুক্তবতীং প্রতি নব নব গুণ গণ শ্রবণ রসায়ন ইত্যাদিনা প্রত্যুত্তরং

জন গৃহপতি তরজন কুলবতি কুবচন ভাষ। যত পরমাদ সবহু পুন মেটই মধুর মুরুলি আসো আস॥ কিএ করব কুল দিবস দীপ তুল প্রেম পবনে ঘন দোল। গোবিন্দ দাস যতন করি রাখত লাজক জালে আগোর॥ ৬॥

বরাড়ি রাগ প্রতি নিস্পারক তালেন॥

রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর। প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥ হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে। পরাণ পিরিতি লাগি থির নাহি বান্ধে॥ সই কি আর বলিব। যে পুনি করিয়াছি মনে সেই সে করিব॥ ধ্রু॥ দেখিতে যে সুখ কি বলিব তা। দরশ পরশ লাগি আলুয়াছে গা॥ হাসিতে খসিয়া পড়ে কত মধু ধার। লহু ২ হাসে পঁহু পিরিতির সার॥ গুরু গরবিত মাঝে রহি সখি সঙ্গে। পুলকে পূরল তনু শ্যাম পর সঙ্গে॥ পুলক ঢাকিতে করি কত পরকার। নয়ানের ধারা মোর বহে অনিবার॥ ঘরের যতেক সভে করে কানাকানি। জ্ঞান শুন লাজ ঘরে ভেজাইলাম আগুনি॥ ৭॥

সুহই রাগেকতালি তালে॥

রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি পুলকে না তেজই

করোতি গুরু ভয়াদিকং সর্ব্বং তুচ্ছী কৃত মিতি। তত্র সা দিবস প্রদীপবৎ কুল মর্য্যাদা সাতু যত্নেন লজ্জয়া রক্ষিতা॥ ৬॥

অনুরাগ স্বভাবেন উক্তানুবাদং কুর্ব্বতী রূপ লাগি আঁখি ঝুরে ইত্যাদিনা তদর্শনেব দৃঢ়য়তি॥ ৭॥

সত্যানেবাহ মম যড়িন্দ্রিয়াকর্ষণং তেন কৃতং অতো ধর্ম্মাদি কুত্র স্থান

অঙ্গ। মধুর মরলী রবে শ্রুতি পরি পূরিত না শুনএ আন পর সঙ্গ॥ সজনি আর কি করবি উপদেশ। কানু অনু-রাগে তনু মন মাতল না শুনে ধরম ভয় লেশ॥ ধ্রু॥ নাসিকা সো অঙ্গ সৌরভে উনমত বদন না লএ আন নাম। নব নব গুণ গণে বান্ধল মঝু মন ধরম রহল কোন ঠাম॥ গুরু জন গরজনে গৃহপতি তরজনে কো জানে উপজয়ে হাস। তাহে এক মনোরথ জনি হোএ অনরথ পুছব গোবিন্দ দাস॥ ৮॥

ভাটিয়ারি রাগ রূপক তালাভ্যাং॥

সখি হে ফিরিয়া আপন ঘরে যাও। জিয়ন্তে মরিয়া যে বা আপনা খাইয়াছে তারে তুমি কি আর বুঝাও॥ নয়ান পুতলি করি লইনু মোহন রূপ হিয়ার মাঝারে করি প্রাণ। পিরিতি আগুনি জালি সকল পোড়াইয়াছি জাতি কুল শিল অভিমান॥ না জানিয়া মূঢ় লোকে কি জানি কি বোলে মোকে না করিয়ে শ্রবণ গোচরে। স্রোত বিথার জলে এতনু ভাসাইয়াছি কি করিবে কুলের কুকুরে। খাইতে স্থইতে নিতে আন না লয় চিতে বন্ধু বিনু মনে নাহি ভায়। মুরারি গুপতে কহে পিরিতি এমতি হইলে তার গুণ তিন লোকে গায়॥ ৯॥

ভীতি রূপে ভরল দিঠি ইত্যাদিনাহ॥ ৮॥

তত স্তৎ পরীক্ষার্থং পুনরপি প্রবোধয়ন্তীং প্রতি সখি হে ফিরিয়া আপন ঘর ইত্যাদিক মাহ॥ ৯॥

ধানসী রাগ গঞ্জন তালো॥

কি গুরু গরবিত নালয়ে পাপচিত আন না শুনে কান বিন্ধে। সে নব নাগর আগর সব গুণে তারে সে পরাণ কান্দে॥ নাজানি কিনা হইল কি খেনে পরশিল সে রস পরশ মণি। জাতি কুল শীল আপন ইচ্ছায়ে তাঁহারে করিলোঁ নিছনি॥ সজনি ও বোল বোল জনি আর। কি যশ অপযশ না ভায় গৃহ বাস হইলোঁ কুলের খাঁখার॥ ধ্রু॥ হিয়ার দগদগি মনের পোড়নি কহিলোঁ না রহি মোঁ ঘরে। এবেশে জানলু প্রেমের এই ফল ভাল সে জ্ঞান দাস বুঝে॥ ১০॥

শ্রীভটিয়ারি রাগ চঞ্চুপুট তালাভ্যাং॥

তেজিলু নিজ কুল এ লোক লাজ। এ গুরু গৌরব এ গৃহ কাজ॥ সে সব নব নেহার নিছনি কৈলোঁ। যে মোরে বোলে তারে জিয়ন্তে মৈলোঁ॥ না বোল সজনি আর কিছু না লয় মনে। সে বন্ধু বান্ধি এাছোঁ পরাণ সনে॥ বন্ধুর আরতি হিয়ার মালা। পতির পিরিতি বিষের জালা॥

পুন স্তাং প্রতি তস্মিন্মদ্ গুণেন মৎ কৃতি সাধ্যেন বা মম নানুরাগ ইতি কি গুরু গরবিত না লয়ে পাপ চিত ইত্যাহ। পরশ মণীত্যনেন তস্য গুণো দ্রেকং স্বচিতং॥ ১০॥

তৎ পরীক্ষার্থং এতাদৃশানুরাগেণ তৎ কুল গৌরবঃ লোকাশ্চ ত্যাগ নিন্দাদিকং করিষ্যন্তীত্যুক্ত বতীং প্রতি তৎ সাদ্গুণ্যেন মযৈ তন্নির্দ্ধারিত মিতি প্রত্যুত্তরং তেজিলুঁ নিজ কুল ইত্যাদিনাহ। খেপিল বাণ যেন

যে চিতে দঢ়াইলুঁ সেই সে হয়। খেপিল বাণ যেন রাখিল নয়॥ খাইতে সুইতে আনহি নাহি। জ্ঞানদাস কহে বুঝি এ তাহি॥ ১১॥

প্রাচীন সিন্ধুড়া রাগ সমতালাভ্যাং॥

কি মোর ঘর দুয়ারের কাজ লাজ করিবারে নারি। তিলেক বিচ্ছেদে লাখ পরমাদ হিয়া বিদরিয়া মরি॥ শুন শুন তোরে মরম কহি ও মোর পরাণ নাথে। ও রস পরসে উলস গা দুকুল ঠিলিলুঁ হাতে॥ ধ্রু॥ গুরু গর বিত বোলে অবিরত সে মোর চন্দন চুয়া। সে রাঙ্গা চরণে আপনা বেচিলুঁ তীল তুলসি দিয়া॥ আপন ইচ্ছায়ে বাছিয়া লইলুঁ যে মোর করমে ছিল। এ বোল বলিতে যে জন বিমুখ তারে তিনাঞ্জলি দিল। সে মুখ না দেখিয়া পরাণ বিদরে রহিতে নারিয়ে বাসে। এমত পিরিতি জগতে নাহিক কহই এ জ্ঞান দাসে॥ ১২॥

সুহই রাগ গঞ্জন তালাভ্যাং॥

তুমি কি না জান সই কানুর পিরিতি তোমারে বলিব কি। সব পরিহরি এ জাতি জীবন তাঁহারে সোঁপিয়াছি॥ প্রাণ সই কিআর কুল বিচারে। প্রাণ বন্ধুয়া বিনু তিলেক নাজিও

রাখিল নয় ইতি ধনুষো নিক্ষিপ্তো বাণঃ কিং রক্ষিতুং শক্যঃ। যদি পূর্ব্ব তদনুরাগং ন ভবিষ্যং তদা কুল ধর্ম্মাদিকমরক্ষিষমিতিভাবঃ॥ ১১॥

ততোপি নানা বাক্যেন প্রবোধয়িষ্যন্তী মত্বা নিজ মহোৎকণ্ঠয়া তদ্বিচ্ছেদাসহিষ্ণুতাং কিমোর ঘর বাহির ইত্যাদিনাহ॥ ১২॥

পরীক্ষাং কৃত্বা তত্রানুমতীং কুর্ব্বতীং প্রতি তুমি কিনা জান সই ইত্যাদিনাহ

কি মোর সোদর পরে ॥ ধ্রু ॥ সে রূপ সাগরে নয়ান ডুবিল সে গুণে বান্ধল হিয়া। সে সব চরিতে ডুবল মন আনিব কি আর দিয়া ॥ খাইতে খাইএ সুইতে সুইএ আছিতে আছিএ ঘরে। জ্ঞান দাসে কহে ইঙ্গিত পাইলে আগুণ দিএ দুয়ারে ॥ ১৩ ॥

তোড়ি রাগ মণ্ঠক তালো ॥

কানু অনুরাগ কথা কি কহব আর। বিন্ধিয়া লাগিল মোর হিয়ার মাঝার ॥ এত খন না দেখিয়া সে মুখ মাধুরি। বিদরিছে এই মোর পরাণ পুতলি ॥ কহ কহ এ সখি কি করি উপায়। দরশন বিনু চিত ধরণে না যায় ॥ ধ্রু ॥ এ যদুনন্দনে কহে সুন ঠাকুরাণি। তিলেক ধৈরজ কর মিলিবে আপনি ॥ ১৪ ॥

তিরোতা ধানশী রাগ দশকোশী তালো ॥

অঙ্কুর তপন তাপে যদি জারব কি করব বারিদ মেহে। এ নব যৌবন বিরহে গোঙায়ব কি রব সো পিয়া নেহে। হরি হরি কো ইহ দৈব দুরাশা। সিন্ধু নিকটে যদি কণ্ঠ সুখায়ব কো দুর করব পিয়াসা। ধ্রু ॥ চন্দন তরু নব সৌরভ

মাহ ॥ ১৩ ॥

ততো হনুরাগ জনিত মহোৎকণ্ঠয়া কানু অনুরাগ ইত্যাদিনা দর্শন মাকাঙ্ক্ষতি ॥ ১৪ ॥

অত্যন্ত মহোৎ কণ্ঠয়া নব নিমেষাদ্ধ কালাদর্শনাসহিষ্ণু তয়া অঙ্কুর তপন তাপে যদি জারব ইত্যাদিনা মেলনং ভবিষ্যতীতি প্রত্যুক্তবতীং প্রত্যাহ তপনঃ সূর্য্যঃ। এ নব যৌবন বিরহে গোঙায়ব ইত্যাদৌ সর্ব্ব

ছোড়ব শশধর বরিখব আগি। চিন্তামণি যব নিজগুণ ছোড়ব কিমোর করম অভাগি॥ শ্রাবণ মাহ ঘন বিন্দু নাবরিখব সুরতরু বাঁঝা কি ছান্দে। গিরিধর সেবি ঠাম নাহি পায়ব বিদ্যাপতি রহু ধান্ধে॥ ১৫॥

গাউর রাগ মণ্ঠক তালো॥

নাগরি নিরুপম তুহারি সুনীত। নন্দনন্দনে নবিন নাগরে করসি নবিন পিরীত॥ নীতি নূতন তাক সব গুণ নবিন হেরিয়ে কাঁতি। নবীন পীরিতি করই নিতি ২ নলিনি নাহক ভাঁতি॥ নবিন নীপ নিকুঞ্জ নিয়ত যো তুহারি গুণ করু গান। নবিন রতিপতি নগর ছোড়ু নয়নে হোয়ত ভান॥ নিয়ত নীকটে তুহারি আছয়ে নাকর নিরুপম খেদ। নিবেদি নিজ জন এ রাধামোহন শুনিতে মরমক ভেদ॥ ১৬॥

সুহই রাগ গঞ্জন তালাভ্যাং॥

একে নব পিরিতি আরতি অতি দুরগম সোঙরি সোঙরি

ত্রৈব ভবিষ্যৎ কাল বোধ কর কারস্থ প্রয়োগাৎ অনুরাগস্থ সদানুভূত মপি স্বঃ কুর্য্যান্নব নবং পিরমিত্যাদি লক্ষণাচ্চাত্র স এব স্থায়ী ভাবঃ নতু সুদূর প্রবাসঃ। অন্যথা গিক্ক নিকট নব কণ্ঠ সুখায়ব ইত্যস্যাপি বৈয়র্থাপত্তিঃ স্যাৎ বাঁঝকি ছান্দে বন্ধ্যা ইব ইত্যর্থঃ অতস্তুং তেন সহ মিলনোপায়ং সৃজেতি ভাবঃ॥ ১৫॥

তৎ শ্রুত্বা তস্যা নিরুপমানুরাগং কথয়ন্তী শ্রীকৃষ্ণস্যাদর্শন জন্য খেদং নিরাকর্ত্তুং কাচিৎ সখী নাগরি নিরুপম তুহারি সুনীত ইত্যাদিক মাহ। নলিনি নাহক ভাঁতি পদ্মিনী তন্নায়ক সূর্য্যয়োরিব কার্য্য বশাৎ দূরস্থস্য তস্য তবানুরাগো নিরতো হস্তীত্যতো মা খেদং কুর্ব্বিত্যর্থঃ॥ ১৬॥

ইতি কৃত্বা প্রেমঃ কৌটিল্য স্বভাবাৎ কিঞ্চিদীর্ষ্যোদয়াৎ একে নব পিরিতি

খিন দেহা। তাহে গুরু গঞ্জন হৃদয় বিদারণ পরিজন কণ্টক গেহা॥ সজনী দূরকর ও পরথার। প্রেম নাম যাঁহা শুনই না পায়ব সোই নগরে হাম যাব॥ ধ্রু॥ যা বিনু সপনে আন নাহি জানলুঁ অব মোহে বিছুরল সোই। হাম পুন দুখিনি সহজে একাকিনী আপনা বলিতে নাহি কোই॥ দুহুঁ কুল হেরইতে আকুল অন্তর পাঁতরে পড়ি রহু হেম। জ্ঞান দাস কহ ধিক ধিক জীবন যাকর পরবশ প্রেম॥ ১৭॥

গৌড়িয়া জয় জয়ন্তী রাগ নিষ্পাবক তালাভ্যাং॥

সই মরম কহিএ তোখে। পিরিতি বলিয়া এ দুটি আঁখর কভু না আনিব মুখে॥ পিরিতি মুরতি কভু না হেরিব এ দুটি নয়ানের কোণে। পিরিতি বলিয়া নাম শুনিতে মুঁদ দিয়া থোব কানে॥ পিরিতি নগরে বসতি তেজিয়া থাকিব গহন বনে; পিরিতি বলিয়া এ দুই আঁখর যেন না পড়য়ে মনে॥ পিরিতি পাবক পরশ করিঞা পুড়িছি এ নিশি দিবা। পিরিতি বিচ্ছেদ সহনে না যায় কহে

আরতি অতি দূরগম ইত্যাদিকমাহ। আরতি আকাঙ্ক্ষা পরথার প্রস্তাবঃ। অব মোহে বিছুরল সোয় ইতি শ্রীকৃষ্ণস্য বিস্মরণ মননং যৎ তৎ প্রেম কৌটিল্য জনিতের্ব্বায়া ইতি বোধ্যং॥ ১৭॥

পুনঃ প্রবলের্ব্যায়া সই মরম কহিএ তোখে ইত্যাদিকমাহ। কথন ভঙ্গ্যা ছন্দোনুরোধেন চাক্ষর বিশ্লেষাৎ পিরিতি ইতি ত্র্যক্ষরং বস্তু তত্ত্ব দ্ব্যক্ষরং। গহন-বনে দুর্গম বনে একাকী হয় মাকণ্ড জগাম গহনং বনমিতি মার্কণ্ডের পুরাণ দর্শনাৎ গহনং কাননং বনমিত্যমরকোষ ধৃতৈক পর্য্যায়

চণ্ডি দাস কিবা ॥ ১৮ ॥ ৩২৪ ॥ ৩৪২

অথ দান লীলা ॥

তত্র গৌরচন্দ্রঃ ॥

মল্লার রাগ সমতাল রূপকেভ্যশ্চ ॥

হের দেখ নব নব গৌরাঙ্গ মাধুরি রূপে জিতল কোটি কাম। অঙ্গহি অঙ্গ ঘাম কুল সঞ্চরু যৈছন মোতিক দাম॥ নয়নহি নীর বহ কম্পহি থির নহ হাসি কহত মৃদু বাত। কো জানে কি ক্ষণে ঘর সঞে আওলু ঠেকিলু শ্যামর হাত॥ বেশক উচিত দান কভু না শুনিএ কাঁহা শিখলি অবিচার। বুঝি দেখি নিরঞ্জন গোবর্দ্ধন বন লূটবি তুহু বাট পার॥ কো হই ভাব ভরহিঁ ভরমাইত কিঞ্চিত পাটল আঁখি রাধামোহন কিএ আনন্দে ডূবব ও রস মাধুরি পেখি॥ ১॥

তদুচিত রূপং যথা ॥

ধানসী রাগ রূপকতালো ॥

মুদির মরকত মধুর মুরতি মুগধ মোহন ছান্দ। মল্লী মালতি মালে মধুমত মধুপ মনমথ ফান্দ॥ শ্যাম সুন্দর সুগড়

তয়া বিরোধো নিরস্তঃ ॥ ১৮ ॥

অথ শ্রীরাধা কৃষ্ণয়ো র্দান লীলা রস ভাবিত হৃদয়ং শ্রীগৌরচন্দ্রং নিরতিশয় সুন্দরং হোর দেখ নব নব গৌরাঙ্গ মাধুরি ইত্যাদিনা দর্শয়তি। মোতিক দাম মুক্তা মালা। পাটল আঁখি পাটল পুষ্প তুল্য কিঞ্চিদ্রক্ত বর্ণ চক্ষুঃ ॥ ১ ॥

তদ্গুণ যুক্ত শ্রীকৃষ্ণ রূপং মুদির মরকত ইত্যাদিনা বর্ণয়তি। মুদিরো মেঘঃ মরকত প্রস্তর বিশেষঃ॥ মল্লী মল্লিকা। সঙ্গে সবয়স সুবেশ সমরস

শেখর শরদ শশধর হাস। সঙ্গে সবয়স সুবেশ সখ রস সতত সুখময় ভাস ॥ ধ্রু ॥ চিকন চাঁচর চিকুরে চুম্বিত চারু চন্দ্রক পাঁতি। চপল চমকিত চাহনি চীত চোরক ভাঁতি ॥ গিরিক গৈরিক গোরজ গোরোচন গন্ধ গরভিত বাস। গোপ গোপন গরিম গুণ গান গাওএ গোবিন্দ দাস ॥ ২ ॥

অভিসারানুবন্ধ ॥

ধানসী রাগ চঞ্চুপুট তালাভ্যাং ॥

সুন্দরি শুনহ আজুক কথা। তাপ দূরে গেল সব ভাল হৈল ইহা উপজিল যথা ॥ ধ্রু ॥ অরুণ উদয়ে ব্রাহ্মণ নিচয়ে আইল গোকুল মাঝ। জরতির স্থানে করি নিবেদনে আপন মনের কাজ ॥ গোবর্দ্ধন পাশে আমরা হরিষে করিএ যজ্ঞের কাম। যে গোপ যুবতি ঘৃত দিবে তথি ইষ্ট বর পাবে দান ॥ জটিলা শুনিয়া আমারে ডাকিয়া যতন করিয়া কৈল। বধূরে সাজাইয়া গব্য ঘৃত লইয়া ত্বরিতে তাঁহাই চল ॥ এসব বচনে সব সখি গণে রাইক আনন্দ হোয়। যে হেন নাগর গুণের আগর দরশ হইবে মোয় ॥ এত মনে করি অতি রসে ভরি অঙ্গহি সুবেশ কেল। ঘৃতের পশার সাজা-

---

ইত্যত্র সবয়স শব্দোপাদানাৎ প্রিয়নর্ম্ম সখানামেব গ্রহণং। গিরিক গৈরিক পর্ব্বত সম্বন্ধি গৈরিকং। গোরজ গোধূলিঃ গন্ধশ্চতুঃ সমাদিঃ নিজাঙ্গ গন্ধোবা ॥ ২ ॥

ততঃ শ্রীমত্যা অনুরাগ জনিত বিরহ তাপং শময়ন্তী কাচিৎ সুন্দরি শুনহ আজুক কথা ইত্যাদিনাভিসারানন্দকারণকথামাহ। নিচয়ঃ

ইয়া সত্বর সভে মেলি চলি গেল॥ এ কথা জানিয়া সে যে বিনোদিয়া বান্ধিয়া ও চূড়া ছান্দে। সুবল আদি লইয়া আর পথে যাইয়া রহল দানির ছান্দে। বেণুর নিশান করয়ে সঘন বাজাএ ও জয় তুরি। এ যদুনন্দন করে দরশন নিবিড় আনন্দে ভরি॥ ৩॥

পাহিড়া বরাড়ি রাগ রূপক তালাভ্যাং॥

চললি রাজ পথে রাই সুনাগরি নাস বেশ করি অঙ্গে। স্বর্ণ ঘটি করি গাবি ঘৃত ভরি প্রাণ সখি গণ সঙ্গে॥ রেশল পাটের জাদে বান্ধিয়া কবরী বেঢ়িয়া মালতি মালে। সিথাএ সিন্দুর লোচনে কাজর অলক তিলক ভালে॥ মণিময় অভরণ শ্রবণে কুণ্ডল গীমে সুরেশ্বরী হার। রূপ নিরুপম বিচিত্র কাঁচুলি পীন পয়োধর ভার॥ চরণ কমল তলে রাতুল আলতা মোহন নূপুর বাজ। গোবিন্দ দাস ভণে এ রূপ যৌবনে জীতবি নিকুঞ্জ রাজ॥ ৪॥

দাক্ষিণাত্য শ্রীমালব রাগ ধ্রুব তালো॥

ব্রজ কুল নন্দন চান্দ হাম পেখলুঁ অপরুব কত ২ বেরি। প্রতি অঙ্গ রঙ্গ তরঙ্গিম শোভন পুরুবহু এতহু না হেরি॥

সমূহঃ। এতেন দধ্যাদি বিক্রয় হেতুক দান লীলাং কেচিদনভিজ্ঞা যদ্বদন্তি তন্নিরস্তং॥ ৩॥

চললি রাজ পথে ইত্যাদিনা অভিসার সৌষ্ঠবং। নাস অলঙ্কার বিন্যাসঃ বেশ চন্দন সিন্দুরাদিনা॥ ৪॥

ততঃ কশ্চিদ্দূরতঃ শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা অনুরাগ স্থায়ি ভাবেন সদানুভূতমপি

সজনি কো ইহ মাধুরি অপার। যো সুধা সিন্ধু বিন্দু নব পুন ২ মঝু আঁখি পিবই না পার॥ ধ্রু॥ তনু তনু অতনু যূথ কিএ সেবই কিএ রূপ আপহিঁ সেব। কিএ সু মনোহর কান্তি রূপ ধর কিএ বর রস আধ দেব॥ এত কহি গোরি ভোরি পুন অনিমিখ নয়ন চসকে করু পান। সো বচনামৃতে কিএ রাধামোহন শ্লাঘয়ি পাতব কান॥ ৫॥

বরাড়ি রাগ মণ্ঠক তালো॥

সহচরি সঙ্গে রঙ্গে চলু কামিনি দামিনি যৈছে উজোর। গোবর্দ্ধন তট নিকট বাটহি লেই যজ্ঞ ঘৃত থোর॥ দেখ সখি অপরুব রঙ্গ। নিরুপম প্রেম বিলাস রসায়ন পিবইতে পুলকিত অঙ্গ॥ ধ্রু॥ দূর সঞে দরশনে অনিমিখ লোচন বহ তঁহি আনন্দ নীর। আনন্দ সায়রে ডূবল দুহুঁ মন বহু ক্ষণে ভৈগেল থীর॥ অতি রস আদর বিদগধ নাগর রাই নিয়ড়ে উপনীত। ইহ যদুনন্দন নিরখই দুহু জন অতি সুখে নিগমন চীত॥ ৬॥

তত্র রূপোল্লাসঃ॥

ধানসী রাগ চঞ্চুপুট তালো॥

সুন্দর বদনে সিন্দুর বিন্দু সাঙর চিকুর ভার। যনু রবি

তদ্রূপমনসু ভূতমিব ব্রজ কুল নন্দন চান্দ হাম পেখলু ইত্যাদিনা শ্রীমতী বর্ণয়তি। তথাহি শ্রীদানকেলি কৌমুদ্যাং। প্রপন্নঃ পন্থানং হরিরসকৃদ স্মন্নয়নয়োরিত্যাদি। তনু তনু প্রত্যঙ্গং অতনু যূথঃ কন্দর্প সমূহঃ॥ ৫॥

সহচরি মেলি রঙ্গে চলু কামিনীত্যাদিনা উভয়োঃ পরস্পরানন্দং বর্ণয়তি॥ ৬॥

ততঃ সুন্দর বদনে সিন্দূর বিন্দু ইত্যাদিনা শ্রীকৃষ্ণ কর্তৃকং শ্রীমত্যা

শশি সঙ্গহি উয়ল পিছে করি আন্ধিয়ার॥ রামা হে অধিক চন্দ্রিম ভেল। কতনা যতনে কত অদভুত বিহিবহি তোহে দেল॥ ধ্রু॥ উরজ অঙ্কুর চিরে ঝাপাওসি থোরে থোরে দরশায়। কত না যতনে কত না গোপসি হিমগিরি না লুকায়॥ চঞ্চল লোচনে বঙ্ক নেহারণি অঞ্জন শোভন পায়। যনু ইন্দীবর পবনে পেলিল অলি ভরে উলটায়॥ ভণ বিদ্যাপতি শুনহ যুবতি এসব এরূপ জান। রায় শিবসিংহ রূপ নারায়ণ লছিমা দেবি পরমাণ। ৭॥

সারঙ্গ রাগ নিঃসারক তালো॥

কানুক মধুর বচন রচন গণ শুনইতে নায়রি ভোর। মধুরিম হাস মিলিত নয়নে থোর চাহনি তাকর ওর॥ সজনি কোঁ কহু প্রেম বিলাস। হেরইতে ঐছন নিজ নিজ জীবন নিছন করু অভিলাষ॥ ধ্রু॥ দুহুঁ জন নয়ন নয়ন বাণ বরিষণে হানল দুহুঁ কর চীত। রস আকুতে ভরি আন ছলে নাগরি অনতহি ভেল উপনীত॥ নাহ রসিক বর পন্থ আগোরল কহ তঁহি চতুরিম বাত। আনন্দে নিগমন দাস যদুনন্দন শুন তঁহি পুলকিত গাত॥ ৮॥

রূপোল্লাস কথনং নির্দ্ধারয়তি। যনু রবি শশি ইতি অদ্ভুতোপমা। যনু ইন্দীবর পবনে পেলিত ইত্যাদিনা বিধাত্রা দত্তাদ্ভুত সৌষ্ঠবং সূচিতং॥ ৭॥

ততঃ কানুক মধুর বচন রচন ইত্যাদিনা উভয়োর্ভাব কৌশলং ভঙ্গ্যানাত্র শ্রীকৃষ্ণমতিক্রম্য শ্রীমত্যা গমনঞ্চ বর্ণয়তি। নিছন কুরু অভিলাষ নিজ নিজ জীবনস্য নির্ম্মঞ্ছন বাসনা মনসি কৃত্বা ইত্যর্থঃ॥ ৮॥

সিন্ধুড়া রাগ ধ্রুব তালো ॥

আহির রমণি যত চালাঞা বাহির পথ আপনে যাইছ আন ছলে। বাহু নাড়া দিয়া যাও দানি পানে নাহি চাও এত না গরব কার বলে ॥ হেদে ল কিশোরি গোরি শুনহ বচন মোরি তোর দান না করিব আন। এতেক শুনিয়া সভে হাসিয়া বোলএ তবে কিবা দান বল দেখি কান ॥ পুন হাসি কহে বাণি শুন হের বিনদিনি অল্প নিব তুহারি পি-রিতে। পীতবাস কাম রায় সেবা যত দান চায় তাহা পুন না পারিবে দিতে ॥ গলার মোতিম হার এক লক্ষ দান তার দুই লক্ষ শিথার সিন্দুর। তিন লক্ষ কেশ পাশ দান মাগে পীতবাস চারি লক্ষ পায়ের নূপুর ॥ কুসুম কবরি ঝরি পাঁচ লক্ষ দান তারি নহে কহ যে হয় উচিত। সোনা কটোরা রাজসেবা কাঁচুলিতে লুকা কিবা দেখাইয়া করাও পরতীত ॥ কে জানে কিসের দান কি বোল বলিলে কান অন্য হইলে আমি ভালে জানি! যদি পুন এমন বল তবে পাবে প্রতি ফল হাসিল অনন্ত পহু শুনি ॥ ৯ ॥

বরাড়ী রাগ বৃহদেক তালি তালো ॥

চিকুরে চোরায়সি চামর কাঁতি। দশনে চোরায়সি

আহির রমণি যত চালাইঞা বাহির পথ ইত্যাদিনা শ্রীদানলীলায়া উক্তি প্রত্যুক্তি মদ্বাক্যং নিরূপয়তি। পীতবাস কামরায় পীতাম্বর কন্দর্প রাজেতি শ্লেষোক্তিঃ। যদি পুন এমন বল মাথাএ ঢালির ঘোল ইতি পাঠঃ ক্বচিদ্দৃশ্যতে নতু নাতি রসদঃ। ৯ ॥

গর্ব্বাণ প্রত্যুক্তবতীং তাং প্রতি শ্রীকৃষ্ণঃ চিকুরে চোরায়সি ইত্যাদিক

মোতিম পাঁতি॥ অধরে চোরায়সি সুরঙ্গ পোঁআর। চরণে চোরাওসি কুঙ্কুম ভার॥ এ গজ গামিনী তো বড়ি সেয়ান। বলে ছলে বাঁচসি গিরিধর দান॥ ধ্রু॥ কনয় কলস ঘন রস ভরি তাহি। হৃদয়ে চোরায়সি আঁচরে ঝাঁপাই॥ তেঞি অতি মন্থর চরণ সঞ্চার। কোন তেজব এত বিনহি বিচার॥ সুবল লেহ তুহুঁ গোরস দান। রাই করব অব কুঞ্জ পয়ান॥ যাহাঁ বৈঠল মনমথ মহারাজ। গোবিন্দ দাস কহ পড়ল অকাজ॥ ১০॥

তথারাগ তালো॥

এইত বৃন্দাবন পথে। নিতি করি গতা গতে॥ যদি হাতে করি লৈএ সোনা। তুমি কে না বোলে এক জনা॥ তুমি দেখি পুছহ বড়াই। কিসের দান চাহেন কানাই॥ ধ্রু॥ সঙ্গে যজ্ঞ ঘৃতের পসার। তাহে কেনে এতেক জঞ্জাল॥ তুমিত বরজ যুব রাজ। তুমি কেন করিবে অকাজ॥ দূর কর হাস পরিহাস। দেখ তহু গোবিন্দ দাস॥ ১১॥

যাহ। পোঁয়াল প্রবালঃ। ঘন রস সান্দ্ররসঃ শ্লেষেণ শৃঙ্গার রসঃ। গোরসোঽত্র গব্যঘৃতং যদ্যপি গোরস শব্দঃ অমর সিংহেন সামান্য তক্র পর্য্যায়ঃ কথিতঃ তথাহি দণ্ডাহিতং কালসেয়মবিষ্টমপি গোরস ইতি গৃহস্থাং সর্ব্ব গোরসা ইতি শ্রীভাগবতীয় পদাস্ত টীকায়াং গোরসাঃ ক্ষীরাদয় ইতি ব্যাখ্যানাৎ গোরস ইতি ষষ্ঠী তৎ পুরুষেণ ঘৃতাদেরোধিনাচ্চ ঘৃতমেবাত্র গ্রাহ্যং অন্যথা শ্রীদানকেলিকৌমুদী ধৃত ঘৃত দান কথনস্য বিরোধঃ স্যাৎ॥ ১০॥

পুনঃ শ্রীকৃষ্ণং তুষ্ণীং কৃত্বা অন্যাং প্রতি তং প্রচ্ছয়িতুং এইত বৃন্দাবন পথে ইত্যাদিকমাহ। বড়াই হে বৃন্দাদেবি॥ ১১॥

সারঙ্গ রাগ নিঃসারক তালো ॥

গরবহি সুন্দরী চললহি আনত নাগর পন্থ আগোর। কহ তহি বাত দান দেহ মঝু আন ছলে কাঁচলি তোর॥ অপরূপ প্রেম তরঙ্গ। দানকেলি রাস কলিত মহোৎ সব বর কিলকিঞ্চিত রঙ্গ ॥ ধ্রু ॥ অরু পাটল ভেল অথির দৃগঞ্চল তহি জল কণ পরকাশ। ধুনাইত ভুরু ধনু পুলকে পুরল তনু অলখিত আনন্দ হাস॥ ঐছন হেরি চরিত পুন তৈখনে বাহুড়ল পদ দুই চারি। রাধামাধব দুহুঁকর পদ তলে রাধামোহন বলিহারি ॥ ১২ ॥

ভাটিআরি বরাড়ি রাগাভ্যাং ॥

রূপক প্রতি রূপক তালাভ্যাং ॥

এই মনে বনে দানি হঞাছ ছুইতে রাধার অঙ্গ। রাখাল হইয়া রাজকুমারি সঙ্গে কিসের রভস রঙ্গ॥ এমন আচর

ততঃ গরবহি সুন্দরি ইত্যাদিনা রং কৌশল মুদাহরতি। অপূর্ব্বো হয়ং প্রেম বিলাসঃ যেন দানকেলি রসে কলিতো জনিতো যো মহোৎসব স্তত্র বরঃ কিলকিঞ্চিতস্য রঙ্গঃ কৌশলো জাতঃ। তল্লক্ষণং যথা শ্রীমদুজ্জ্বল নীলমণৌ। গর্ব্বাভিলাষ রুদিত স্মিতাসূয়া ভয় ক্রুধাং। সঙ্করী করণং হর্ষা দুচ্যতে কিলকিঞ্চিতঃ॥ আনত অন্যত্র অত্র প্রথম চরণে গর্ব্ব স্পষ্টঃ। অরুণ পাটল ইত্যনেন ক্রোধঃ। তহিঁ জল কণ ইত্যনেন রোদনং। ধুনাইত ভ্রু ধনু ইত্যনেনাসূয়া। পুলকে পূরল ইত্যনেনাভিলাষঃ। অলখিত আনন্দ হাস ইত্যনেন স্মিতং। তৈখনে বাহুরল পদ দুই চারি ইত্যনেন ভয়ং ইতি সপ্ত॥ ১২॥

ততো হতি গর্ব্বেণ শ্রীমতী এই মনে বনে ইত্যাদিক মাহ। আচর

নাহি কর ডর ঘনাঞ্চা আসিছ কাছে। গুরুবর আগে করিব গোচর তখন জানিবে পাছে॥ ছুইয়না কানাই আমরা পরের নারি। পর পুরুষের পবন পরশে সচেল সিনান করি॥ গিরি গিয়া যদি গৌরী আরাধহ পান কর কনক ধূমে। কান সাগরে কামনা করহ বেণি বদরিকা শ্রমে॥ সূরয উপরাগে সহস্র সুন্দরী ব্রাহ্মণে করহ সাত। তভো হয়ে নহে তোমার শকতি রাই অঙ্গে দিতে হাত॥ গোবিন্দ দাসের বচন মানহ না কর এমন ঢঙ্গ। যোই নাগরী ওরসে আগরি করহ তাকর সঙ্গ॥ ১৩॥

ধানসী রাগ মহামণ্ঠক তালো।

তোঁহারি হৃদয় বেণি বদরিকা শ্রম উন্নত কুচগিরি মোর। সুন্দর বদন ছবি কনক ধূম পিবি ততহিঁ তপত মন মোর॥ সুন্দরি তহুঁক নিয়ড় অব ছোড়ি। গৌরী আরাধনে কাঁহা চলি যাওব তুহুঁ তিরিথময়ী গৌরী॥ ধ্রু॥ মৃগমদ বিন্দু সিন্দুর পরশল এহি সূরয গ্রহ জান। তুয়া পদ নখ দ্বিজ রাজহি সোপল সুন্দরী সহস্র পরাণ॥ কাম সাগরে হাম সহজই নিগমন কাম পূরবি তুহুঁ রাই। শামর বোলি চরণে নহি

আচরণং করোষি পান কনক ধূমে ইতি কনক ধূম পানং অতি কঠোর তপস্যা বিশেষঃ যতোহধোমুখঃ সন্ কনক বর্ণ ধূমং পিবন্ দুর্ল্লভাভিলষিত সিদ্ধ্যর্থং তপতি॥ ১৩॥

তোহারি হৃদয় বেণি বদরিকাশ্রম ইত্যাদিনা শ্রীকৃষ্ণঃ প্রত্যুত্তরং করোতি হে সুন্দরি ত্বাং ত্যক্ত্বা ক্ব গচ্ছামি যতস্ত্বমেব গৌরী সর্ব্বতীর্থময়ী। তদেব প্রথমত এব ঘটয়তি তুহুঁহারি হৃদয় ইত্যাদি। মৎ প্রাণ এব সুন্দরী সহস্র

ঠেলবি গোবিন্দ দাস মুখ চাই ॥ ১৪ ॥

মাউর রাগ প্রতি দশাক্ষ তালো ॥

সখিগণ সমুখহিঁ কাতর কানু যব সুবিনয় করলহি দীঠে। তব তছু অভিমত করইতে কোই সখি গুপতে বচন কহু মিঠে॥ সুন্দরী অলখিতে হও তিরোধান। গিরি বর কুঞ্জ কুঠির অতি গুপতে যাই রাখহ নিজ মান॥ ধ্রু॥ ইহ অতি চপল চরিত বর গিরিধর কিএ জানি করু বিপরিত। শুনি উহ সুবচন ভীতহি যনু জন রাই করল সোই নিত॥ বুঝি পুন নাগর সব গুণ আগর অলখিতে তহিঁ উপনিত। রাধা-মোহন পুন দেখি সুনাগরি আনন্দ নিগমন চিত॥ ১৫॥

ধানসী রাগ চঞ্চুপুট তালাভ্যাং॥

পরশহি গদ গদ নহি নহি বোল। তনু তনু পুলকিত আনন্দ হিলোল॥ কো করু অনুভব দুহুঁক বিলাস। একু মুখে শিতকার একু মুখে হাস॥ নিমিলিত নয়ন নয়ন অরু থীর। মণি তরলিত মণি মঞ্জু মঞ্জীর॥ নাগরি দেয়ল ঘন রস দান। রাধামোহন পহুঁ অমিঞা সিনান॥ ১৬॥ ৪৩৮॥ ৪৫৪॥

কাম্‌পুরবি। কামং পূরয়িষ্যসি॥ ১৪॥

ততঃ সখিগণ ইত্যাদিনা মেলন কৌশলং দর্শয়তি অলখিতে তঁহি উপ-নীত ইতি নিজ বয়স্যানামজ্ঞাতত্বেনেতি জ্ঞেয়ং॥ ১৫॥

ততঃ পরশহি গদগদ নহি নহি বোল ইত্যাদিনা সুরত কৌশলং বর্ণয়তি। অস্যার্থো রসিকৈরনুসন্ধেয়ঃ॥ ১৬॥

পূর্ব্বোক্তানি বক্ষ্যমাণানিচ যথা সম্ভবং গেয়ানি॥

অথ দিবাভিসারস্য প্রকারান্তরং।

তত্র সন্ধ্যকালোচিত গৌরচন্দ্রো যথা॥

সারঙ্গ রাগ নন্দন তালাভ্যাং॥

লাখ বান হেম চম্পক জিনি গোরাতনু লাবনি অবনি উজোর। চন্দন চরচিত মালতি মণ্ডিত হেরইতে আঁখি ভেল ভোর॥ মাঝ দিনহিঁ আজু গৌর কিশোর। বসনহি ঝাপি নিজ আপাদ মস্তক বাণ্ডত সুরধুনি ওর॥ ধ্রু॥ বাম নয়ন ঘন চাহত দশ দিশ বাম পদ আগু সঞ্চার। বাম ভুজহি কাহে বসন আগোরই গজগতি চলু অনিবার॥ গদ গদ শবদে করত হরিকীর্ত্তন অনুমানি মুখ শশি ছান্দে। রাধামোহন দাস না বুঝিএ ওরস নিজ দোষ ভাবিয়া কান্দে॥ ১॥

অথ প্রকরণ লিখষ্যমান সামান্য সম্ভোগ গান নির্ব্বাহক শ্রীমদ্গৌরচন্দ্রো যথা॥ সারঙ্গ রাগ মণ্ঠক তালো। কালান্তরেতু রাগান্তরেণ॥

আমার গৌরাঙ্গ পতিত পাবন অবতার। যছু করুণামৃতে দুর্গত জন মন হোয়ল ত্রিভুবন সার॥ আপক নিজ রসে নিমগন অনু দিন আনন্দ নির হিলোল। আপহিঁ আপক করত আলিঙ্গন ঐছন প্রেম বিভোল॥ কত মৃদু হাস হনহি

ততঃ সামান্যতোদিবা ভিসার গান নির্ব্বাহকঃ শ্রীমদ্গৌর চন্দ্রং লাখ বান হেম ইত্যাদিনা। অত্র বস্ত্রেণ সর্ব্বাঙ্গাবৃতত্বেন বাম চরণাদি সঞ্চার ভঙ্গ্যা তস্যাবাক্রান্তত্বং সূচিতং॥ ১॥

ততো দিবা সম্ভোগ গান নির্ব্বাহকং শ্রীমদ্গৌর চন্দ্রং আমার গৌরাঙ্গ

পুন সম্বরু ডম্বরু স্বেদক ভেলি। কতবিধ বচন বচনহি গদ গদ কত বিধ করতহিঁ কেলি। ও রসে ভাসি ভাসাওল নিজ জন অরু অনুগত কত লোক। রাধামোহন নিজ দোষে বঞ্চিত তবহি করত কাহে শোক ॥ ২ ॥

তদুচিত রূপাণি যথা ॥

ভূপালি রাগ বিজয়ানন্দ তালাভ্যাং ॥

রাধারমণ রমণি মনমোহন বৃন্দাবন বনদেব। অভিনব সুন্দর রসিক সুনাগর নাগরিগণ কৃত সেব॥ ব্রজপতি দম্পতি হৃদয়ানন্দন নন্দন নবঘন শ্যাম। নন্দীশ্বরপুর পুরট পটাম্বর রামানুজ গুণধাম॥ গোবর্দ্ধন ধর রমণী সুধাকর মুখরিত মোহন বংশ। শ্রীদাম সুদাম সুবল সখ সুন্দর চন্দ্রক চারু বতংশ॥ কালিয় দমন গমন জিত কুঞ্জর কুঞ্জ রচিত রতি রঙ্গ। গোবিন্দদাস হৃদয় মণি মন্দির অবিচল মুরুতি ত্রিভঙ্গ ॥ ৩ ॥

যথা বা। সারঙ্গ রাগ নন্দনতালাভ্যাং ॥

জয় জয় গোকুল মঙ্গল ধাম। মরকত মুকুর মলিন কর

ইত্যাদিনা স্মরতি। ডম্বরু সমূহঃ ॥ ২ ॥

তদুচিত শ্রীকৃষ্ণ রূপং বর্ণয়তি রাধারমণ ইত্যাদিনা। নাগরী গণেন কৃতা সেবা যস্য স তথা। ব্রজপতি দম্পতিঃ শ্রীনন্দ যশোদে তয়োর্হৃদয়ানন্দ দারক নন্দনঃ। নন্দীশ্বর এব পুরঃ নিবাস স্থানং যস্য স তথা। পুরট পটাম্বর স্বর্ণ বর্ণ পট্ট বস্ত্র যুক্তঃ। বতংস অবতংস। শিরোভূষণং। যদ্বা চারুব তংস ইতি পাঠঃ। কুঞ্জে রচিতো রতি রঙ্গো যেন তাদৃশঃ ॥ ৩ ॥

সম্ভোগ গানোচিত শ্রীকৃষ্ণ রূপং জয় ২ গোকুল মঙ্গল ধাম ইত্যাদিনা

মুখ রুচি কত শশি কত বর কাম ॥ ধ্রু ॥ মধুর মধুর স্মিত মদন বিঘূর্ণিত কামিনী অভিনব কাম। কানড় কুসুম কবল কর সুন্দর নিরুপম সুন্দর শ্যাম ॥ দিনকর কিরণ হাস কর কুণ্ডল গণ্ডহি গণ্ডহি দোল। পীতাম্বর ধর মুরলি বাম কর আনন্দ সিন্ধু হিলোল ॥ নিজ জন প্রেম পরাভব মানল মুনি মানস রহু দূর। রাধামোহন পহুঁ নাগর শিরোমণি রসিক ভকত রস পূর ॥ ৪ ॥

যথাবা।

বরাড়ি রাগ মণ্ঠক তালৌ ॥

নবীন কিশোর বয়স সুকোমল সুললিত মুখ অরবিন্দ। বান্ধুলি বন্ধু অধরহি মোহন মরুলি বাওত মন্দ ॥ কুঞ্জে নিরমল শ্যামর চন্দ। কত শত কোটি কাম জিনি সুন্দর যৌবত মানস ফন্দ ॥ ধ্রু ॥ চূড়হি উড়ে চারু চন্দ্রক কুল কুণ্ডল গণ্ড বিরাজ। দিনমণি কিরণ মিলিত মণি অভরণ পীন উর অম্বর সাজ ॥ পীতাম্বর ধর নাগর শেখর রাতুল চরণে মঞ্জীর। দাস যদুনন্দন চিতে নিতি ঐছন মুরুতি রহউ সদা ধীর ॥ ৫ ॥

বর্ণয়তি। দিনমণি কিরণ ইত্যাদি সূর্য্যকিরণ নিন্দক কুণ্ডলে গণ্ডদ্বয়ে নরীনৃত্যতে এতৎ ধ্যেয়ং রূপং মুনীনাং মানসাগোচরং ॥ ৪ ॥

পুন র্গান বাহুল্যাৎ রূপান্তরং নবীন কিশোর ইত্যাদিনা দর্শয়তি। যৌবত যুবতী সমূহঃ। উর অম্বর উরএবাকাশ তুল্যং ॥ ৫ ॥

তত্র বর্ষা দিবাভিসারো যথা।

সিন্ধুড়া রাগ গঞ্জন তালৌ ॥

গগণহি নিমগন দিনমণি কাঁতি। লখই না পারিয়ে কিএ দিন রাতি॥ ঐছন জলদ কয়ল আন্ধিয়ার। নিয়ড়হি কোই লখই নাহি পার॥ চলু গজগামিনী হরি অভিসার। গমন নিরঙ্কুশ মদন বিথার ॥ ধ্রু ॥ চৌদিশে অথির পবন ভরু দোল। জগ ভরি শীকর নিকর হিলোল॥ চলইতে গোরি নগর পুর বাট। মন্দিরে মন্দিরে লাগল কপাট॥ যব ধনি কুঞ্জে মিলল হরি পাশ। দুরহু দূরে রহু গোবিন্দ দাস॥ ৬॥

তৎ সম্ভোগঃ ॥

শারঙ্গ রাগ কন্দর্প তালৌ।

ঝাঁপল দিনমণি পড়তহি নীর। তহিঁ অতি দর দর বহত সমীর॥ রাধা মাধব রতি রণ ধীর। দুহুঁ পরবেশল কুঞ্জ কুটীর॥ ধ্রু॥ নিধুবন কেলি মণিত কগান। পরাভব পাওল কিএ পাঁচবান॥ রাধামোহন পহুঁক বিলাস। তাঁহি রসিক গণ অধিক উলাস॥ ৭॥

গগণহি নিমগন দিনমণি কাঁতি ইত্যাদিনা বর্ষা দিবাভিসার পূর্ব্বক মেলনং দর্শয়তি॥ ৬॥

তৎ কালোচিত দিবা সম্ভোগং ঝাপল দিনমণি পরতহি নীর ইত্যাদিনা বর্ণয়তি॥ ৭॥

ধানসীরাগোৎসাহ তালাভ্যাং।

এ নব নাবিক শামর চন্দ। কৈছন তোহারি হৃদয় নিরবন্ধ॥ ধ্রু॥ তুয়া বোলে গোরস যমুনহি ঢার। ফারলোঁ কাঁচুলি ডারলোঁ হার॥ কর অবশর নাহি সিঞ্চইতে নীর। ইতি খনে তবহু না পাওলুঁ তীর॥ হাম নিরস তুহুঁ হসি উতরোল। কেহু জীউ তেজই কেহু হরি বোল॥ এত দিনে কুলবতী কুলে পড়ু বাজ। চড়ি ইহ নাবে দুর ভেয়ো লাজ॥ উঠত কূলে পাব যেই তহুঁ মাগ। কাহুঁ সঞে খোজি ধরব তুয়া আগ॥ গোবিন্দ দাস কহ সময় কুকাজ। নাবিক বরতন নাবক মাঝ॥ ৮॥

শ্রীরাগ কন্দর্প তালৌ॥

যব লহু লহু হাসি মরমে মরম পশি নাএ চড়াওই তুই। তই খনে মঝু মন ভৈলহি অনছন বেকত ধয়ল ফল সোই॥ এ সখি হরি সঞে মানহ কুঞ্জ বিনোদ। ইহ নাবিক অতি চপল চপল মতি অবজেও তেও পরবোধ॥ ধ্রু॥ গগণহি সঘন বিজুরি ঝল ঝলকত দিনহিঁ ভেল আধিঁআর। খরতর পবনে তরণি ঘন ঘূরত পৈঠত জল অনিবার॥ দুরুজন পাণি পড়ল জিউ সঙ্কট ইথি বিনি করহ বিচার। তুয়া ইঙ্গিতে আজু সব সখী জীঅত গোবিন্দ দাস কহ সার॥ ৯॥

অস্যার্থস্তু রসিক ভক্তৈ রনুধাবনীয়ঃ। রহস্যত্বাৎ নাতি বিবিচ্যতে॥ ৮॥

অস্যার্থঃ সুগমঃ॥ ৯॥

শীত কালোচিত দিবাভিসারো যথা॥

ললিত রাগ নিঃসারক তালৌ॥

হরি রহু কাননে কামিনী লাগি। জাগরে জর জর মনসিজ আগি॥ দারুণ গুরুজন নয়ন নিপাত। না মিলল সুন্দরি না মিলল বাত॥ আজু ভেল ভালে কুঝটি আধিঁআর। অযতনে রাই নিভই অভিসার॥ ধ্রু॥ বিঘটি মনোরথ অবইতে কান। ধনি চলু আন ছলে, মাঘ সিনান॥ যব দুহুঁ মিলল অনো অন পন্থ। দরশনে মেটল বিরহ দুরন্ত॥ যব দুহুঁ হরখে তরখে করু কোর। বিঘটিকি ঘটল চকরাক জোর॥ গোবিন্দ দাস দুনহ রস গাব। ভাঁগল গঢ়ই মদন পরতাব॥ ১০॥ ১॥

ধানসী রাগ প্রতি মণ্ঠক তালৌ॥

সহজই শীত সময় অতি হীম। তাহে ধিক পবন বাঢ়াওত শীম॥ কুঝটি ভেল তঁহি দশ দিশ ব্যাপি। দিনমণি কিরণ সবহুঁ রহু ছাপি॥ রাই করল সুখে হরি অভিসার। সুসময় জানি অরু তাক সঞ্চার॥ ধ্রু॥ কছু নাহি দীশই গতি অনিবার। সুপথ দেখায়ল প্রেম দিশার॥

ততঃ প্রকারান্তরেণ পূর্ব্ব রাত্রাবমিলনোৎকণ্ঠয়া মাঘ দিবাভিসার পূর্ব্বক মেলনং হরি রহু কানন ইত্যাদিনা দর্শয়তি। অবইতে কান কৃষ্ণস্য পরাবর্ত্তন কালে। চকরাক জোর চক্রবাক যুগলং চকোরক জোর ইতি পাঠে চকোরস্য চন্দ্র সহ মিলনং॥ ১০॥

ততঃ শীত কালোচিত দিবাভিসারং দর্শয়তি সহজই শীত সময় ইত্যাদিনা। সীম সীমা। তাক সঞ্চার শ্রীকৃষ্ণস্যাভিসারঞ্চ জ্ঞাত্বা। দিশার দিগ্দর্শকঃ।

কুসুম পরশে যোই বরণিত হোই। এতহুঁ তুহিনে পদ নিরাপদ সোই॥ ঐছে মিলল বর যুগল কিশোর। রাধা মোহন পহুঁ আনন্দে ভোর॥ ১১॥ ২॥

সুহই রাগ কন্দর্প তালো॥

হিম ঋতু দিনহি মিলল দুহুঁ কুঞ্জে। রাধা মাধব করু রস পুঞ্জে॥ নিবিড় আলিঙ্গন শীত অনিবার। এক মুখে ঘরম আরে শিতকার॥ ঐছন কত বিধ করত সঁচার। সুরত পয়োনিধি দুহুঁ ভেল পার॥ দুহুঁ কর গুণ দুহুঁ করু পরশংস। রাধামোহন পহুঁ দুহুঁ অবতংশ॥ ১২॥ ৩॥

অতিশয় রৌদ্র ব্যাপক কাল দিবাভিসারো যথা॥

বরাড়ি রাগ রূপক তালো॥

মাঁথহি তপন তপত পথ বালুক আতপ দহন বিথার। লুনিক পুতলি তনু চরণ কমল যনু তবহিঁ কয়লি অভিসার॥ হরি২ প্রেমক গতি অনিবার। কানুক পরশরসে পরবশ রসবতী বিছুরল সবহুঁ বিচার॥ গুরুজন পাপ নয়ন গণ বারণ মারুত মণ্ডল ধূলি। তাঁহা পরমেলি চলল বর নাগরি পথি কহুঁ

যৎ পদং কুসুমস্পর্শেপি ব্রণিতং ব্রণ যুক্তমিব ভবতি তত্তু এতহুঁ তুহিনে এতাদৃশে মহতি হিমেপি নিরাপদং ইত্যনুরাগ স্থায়ি ভাব কৃতমেতৎ॥ ১১॥

তৎ কালোচিত দিবা সম্ভোগং হিমঋতু দিনহি ইত্যাদিনা দর্শয়তি। অন্যার্থোপি তদ্বৎ॥ ১২॥

চৈত্রাদি মাস ত্রয়োচিত দিবাভিসার পূর্ব্বক মেলনং মাথহি তপন তপত ইত্যাদিনা দর্শয়তি তপনঃ সূর্য্যঃ। দহন বিথার অগ্নিরিব বিস্তারঃ। পথি কহুঁ ভেলহি ভোর পথি পথি স্তব্ধাঃ সন্তি। মনসিজ তন্ত্র কন্দর্পৌষধিঃ।

ভেলহি ভোরি॥ কত ২ বিঘিনি জিতল অনুরাগিণি সাধত মনসিজ তন্ত্র। গোবিন্দ দাস কহই অব সমুঝহ হরি সঞ্জে রস-ময় তন্ত্র ॥ ১৩ ॥ ১ ॥

সুহইরাগ সমতালো॥

রাধা মাধব যব দুহুঁ মেলি। নিদাঘক দাহ সবহুঁ দুর গেলি॥ ধ্রু॥ তঁহি পুন সরোবর মন্দির মাঝ। কল জল শীকর নিকর বিরাজ॥ সৌরভ মিলিত গন্ধবহ মন্দ। কি করব দিনমণি কিরণক বন্ধ॥ তঁহি বর সুরত বাপি অবগাহ। রাধামোহন পহুঁ রসিক সুনাহ॥ ১৪ ॥ ২ ॥

প্রকারান্তরঞ্চ॥

রামকিরিরাগ শেখর তালো॥

কি কহব রে সখি রাইক সোহাগ। যাকর দেহলি

সমুঝউ রসময় তন্ত্র রস শাস্ত্রং বিচারয়ন্তু তথাচ নানার্থ টীকা ধৃত কোষান্তরং তন্ত্রং কুটুম্ব কৃত্যে স্যাৎ সিদ্ধান্তে চৌষধান্তরে। প্রধানে তন্তু ধানেচ শাস্ত্র ভেদে পরিচ্ছদে। প্রতি শাস্ত্রান্তরে হেতাবুভয়ার্থ প্রয়োজকে ইতি॥ ১৩॥

তৎ কালোচিত সংভোগং বর্ণয়তি রাধা মাধব ইত্যাদিনা। কল শিল্প বিশেষঃ ফুআরা ইতি যস্যাখ্যা তদুত্থ জল কণা সমূহৈ র্বিরাজমানে। সুরত মেব বাপি দীর্ঘিকা॥ ১৪॥

অথ প্রকারান্তরং তত্র রাধিকা স্নেহাধিকা কাচিৎ তদ্বৎকর্ম্ম দৃষ্ট্বা তয়ো রাত্রিগত দুঃখমপি মনসি কিঞ্চিৎ সুখং মন্যমানা ইব কি কহব রে সখি রাইক সোহাগ ইত্যাদিনা তদাহ সোহাগ সৌভাগ্যং এতেন নিজ সুখ মননং স্পষ্টং। যাকর দেহলীত্যাদৌ তয়োর্দুঃখঃ কথনং দেহলী দেহড়ীতি যস্যাখ্যা। জাগরণ প্রকারমাহ চাতক সম ইত্যাদি অত্র চাতক স্বভাবাদেব পুনঃ পুনঃ সংকেত

বদরি কোরে হরি রজনি পোহায়লি জাগি ॥ ধ্রু ॥ চাতক সম হরি সঙ্কেত রবইতে দ্বার খসাইতে রাধা। কঙ্কন ঝনকিতে গুরুজন জাগল পরিগেল দারুণ বাধা ॥ জরতী কহই ধনি কো বাহিরাওত ভীত পুতলি সম দেহা। লোরে পাখাওল পীন পয়োধর মৃগমদ কুঙ্কুম রেহা ॥ বিঘটি মনোরথ আন চলত হরি ইহ দুহুঁ সঙ্কেত রাখি। কুসুম হার অরু মুকুলিত সরসিজ গোবিন্দ দাস রহু সাখি ॥ ১৫ ॥ ১ ॥

ধানসী রাগ তথা তালো ॥

চাতক সঙ্কেত আজু করিয়া হরি জাগল বদরিক কোর। সুন্দরি ঘরমাহা তৈখনে জাগল দুহুঁ কর দুখ নাহি ওর ॥ সজনি কবর কোন পরকার। সো বর সুযুগতি করহ তুরিত যথি

ধ্বনি করণমবশ্যম্ভব্যং তথা চাতক রব করণাৎ তস্য মেঘৈক নিষ্ঠত্বমিব স্বস্য তদেক পরস্থেনানুকূলত্বং সূচিতং। তল্লক্ষণং যথা। অনুরক্ত তয়া নার্য্যাং ত্যক্তান্য ললনা স্পৃহঃ। সীতায়াং রামবৎ সো হয়মনুকূলঃ প্রকীর্ত্তিত ইতি ॥ তৎ সংকেত শ্রবণ মাত্রাৎ হর্ষোদয়ঃ তত ঔৎসুক্যাচ্চাপল্যেন সম্যাগপ্রাপ্তনিদ্রে গুরু জনে স্থিতে দ্বারমোচনারম্ভঃ কৃতঃ। ততঃ জরতী কহত কো বাহিরায়ত ইত্যনেন শঙ্কা জাতা ততঃ স্তম্ভচিন্তাশ্রূণি জাতানি ॥ তথা শ্রীকৃষ্ণস্যাপি কঙ্কন শব্দ শ্রবণাৎ হর্ষোদয় স্ততো জরতী বাক্যেন শঙ্কা ততঃ শ্রীমত্যা নিদ্রা শঙ্কয়া পুনশ্চাপল্যেন তৎ সঙ্কেতং কৃতবান্ তত্র শ্রীকৃষ্ণস্য তস্মাৎ গমনাশঙ্কা জনিত চাপল্যেন পূর্ব্ববৎ শ্রীমত্যা অপি তত্তৎ সর্ব্বং বৃত্তং এবং প্রকারেণোভয়োঃ সর্ব্বা রাত্রি র্গতেতি ভাবঃ ॥ অত্র ভাবানামুদয়ঃ সন্ধিঃ শান্তিঃ সবলতাচ জ্ঞেয়া ॥ কুশুম হার ইত্যস্য স্বাভাবিক রাত্রি গত মুকুলিত পদ্মস্যচ স্থাপনাৎ সর্ব্ব জাগরণং ম্লানিশ্চ সংকেতিতেতি ভাবঃ ॥ ১৫ ॥

ততঃ পূর্ব্ব প্রকারদুঃখিতয়োঃ শ্রীরাধাকৃষ্ণয়ো রভিসার পূর্ব্বক মিলনং

রাইক হোএ অভিসার ॥ ধ্রু ॥ ঐছন কহইতে আওল গুরুজন নিকটহিঁ কহ পুন বাতে। আজু রবিবার শুভযোগ পাওল পূজন বিধি পরভাতে॥ আর কত ভাঁতি বুঝাই অছু গুরুজন রাইক ভালহিঁ সাজাই। সঙ্গহি লেই চলল বর রঙ্গিণি মীলল যাহিঁ মাধাই॥ রজনিক দুখ সবহু পুন মেটল দুহুঁ রূপ দুহুঁ করু পান। দুহুঁকর প্রেম দুহুঁ পরশংসই দুহুঁ গুণ দুহুঁ করু গান॥ নিরজন লাগি সখিগণ তৈখন আন ছলে আনত যাব। রাধামোহন পুন বিদগধ শেখর পূরল সো পর থাব॥ ১৬॥ ২॥

বরাড়ি রাগ চন্দ্রশেখর তালেঁ॥

প্রাতর মিললহি আনন্দ ভেল। রাধামাধব দুহু করু কেল॥ ধ্রু॥ দুহুঁ বর সুরত রঙ্গ অবগাহ। কত মত সো রস করু নিরবাহ॥ নিমিলিত নয়ন অরু দোঁ রহু থীর। মদন পরাভব সময় সুধীর॥ বদরি কোরক অছু মেটল দুখ। রাধামোহন পহুঁ সো এক সুখ॥ ১৭॥ ৩॥

সর্ব্ব কালোচিত দিবাসম্ভোগঃ॥

তত্রাভিসারো যথা॥

কামোদরাগ বিজয়ানন্দ তালাভ্যাং॥

সবহু বধূজন চলু বৃন্দাবন গৌরি আরাধন লাগি। ঐছন

চাতক সংকেত আজু ইত্যাদিনা দর্শয়তি। অস্যার্থঃ সুগমঃ॥ ১৬॥

তত দ্বয়োঃ সুরত সুখং প্রাতরমিলনহি আনন্দ ভেল ইত্যাদিনা বর্ণয়তি। অস্যার্থো রসিকৈ র্ভাবনীয়ঃ॥ ১৭॥

ততঃ সাধারণ দিবাভিসার প্রকারং সবহুঁ বধূজন ইত্যাদিনা বর্ণয়তি

মুগধ বচনে ধনি গুরুজনে তৈখন অনুমতি মাগি॥ হরি হরি কাহাঁ শিখলি পরকার। জগজন বাঁচি মীছ বচনামৃতে দিনহি চলল অভিসার॥ ধ্রু॥ বেশ বনাওতি ননদি সুনাওতি চতুর সখী সঞে বাত। আজু গৌরি আরাধি মনোরথ পূরব পশুপতি নন্দন হাত॥ বাসিত কুসুম কর্পূরিত তাম্বুল ভরি লহ চন্দন কটোর। গোবিন্দ দাস পহু দরশাওব যাহাঁ নাহি কণ্টক চোর॥ ১৮॥ ১॥

সারঙ্গ রাগ কন্দর্প তালো॥

সহচর সঙ্গ রঙ্গ ব্রজনন্দন কত কত মত করি খেল। রাইক গমন সময় বুঝি তৈখন আনছলে আপহি গেল॥ সজনী হের দেখ মিলনক রঙ্গ। চাঁদক দরশনে যৈছন জলনিধি উছলিত অধিক তরঙ্গ॥ ধ্রু॥ দূরহিঁ দুহুঁ মুখ হেরইতে দুহুঁ কর নয়নহি আনন্দ নীর। দুহুঁ অঙ্গ পুলকিত দুহুঁ ঘরমাইত কম্পিত দুহুঁক শরীর॥ কতহুঁ যতনে দুহুঁ হোয়ল একঠাম দুহুঁ রূপ পিবইতে চাহ। রাধামোহন পঁহু চতুর শিরোমণি খেলত রস অবগাহ॥ ১৯॥ ২॥

কর্পূরিত কর্পূর যুক্ত তাম্বুলং॥ ১৮॥

মেলন প্রকারং সহচর সঙ্গ রঙ্গ ব্রজ নন্দন ইত্যাদিনা দর্শয়তি অত্র জ্বলিত সাত্ত্বিকঃ স্পষ্টঃ। তল্লক্ষণং যথা। দ্বৌ বা ত্রয়ো বা যুগপদ্ভাবস্তঃ সুপ্রকটাং দশাং। শক্যা কৃচ্ছ্রেণ নিহ্নোতুং জ্বলিতা ইতি কীর্ত্তিতাঃ॥ ১৯॥

ধানশী রাগ কন্দর্প তালো॥

দূরহি দুহুঁ হেরি দুহুঁ পুলকাইত দুহুঁ ভেল ভাবে বিভোর। নয়নে নয়নে যব দুহুঁ দুহুঁ। নিরখই তব বহু আনন্দ লোর॥ সজনী দেখ রাধামাধব প্রেম। দুহুঁ দুহুঁ। কি করব থেহ না পাওত যনু দুহুঁ দারিদ হেম॥ ধ্রু॥ দুহুঁ কর বচন রচন পুন গদ গদ দুহুঁ কর ভেল সুকম্প। দুহুঁ দুহুঁ। পরশিতে দুহুঁ ভেল নিমগন ঐছন হোয়ত স্তম্ভ॥ অপরূপ বিধুমণি দুহুঁ কিয়ে বিধুবর মঝু মন করত আশংস। রাধামোহন পহুঁ দুহুঁ অতি নিরুপম ত্রিভুবন করু পরশংস॥ ২০॥ ৩॥

সারঙ্গ রাগ নিঃসারক তালো।

ঘন ঘন চুম্বন ঘন পরিরম্ভণ ভুজে ভুজে সঘন বন্দান। ঘন ঘন নখ শর ঘাতন দুহুঁ জন আনন্দে আপন না জান॥ অপরূপ নিধুবন কেলি। অতিরসে নিমগন দিনহিঁ রাধা মাধব মদন কদন দুর গেলি॥ ধ্রু॥ দুহুঁ দুহুঁ। উর পর নিচল কলেবর করত সঘন শিতকার। অভিনব ঘন বর থীর বিজুরী কিয়ে বেঢ়ি রহল অনিবার॥ দাস যদুনন্দন কব সোই হেরব হোয়ব কেলি অবসান। শুক যুগ হেরি তবহিঁ নিবেদব করইতে সো সমাধান॥ ২১॥ ৪॥

ততঃ সম্ভোগং দূরহিঁ দুহুঁ হেরি ইত্যাদিনা বর্ণয়তি তত্র দীপ্তাঃ সাত্ত্বিকাঃ। যথা প্রৌঢাঃ ত্রিচতুরা ব্যক্তিং পঞ্চ বা যুগপদ্ গতাঃ। সম্বরীতুমশক্যাস্তে দীপ্তা ধীরৈ রুদাহৃতাঃ। বিম্ব এব মণ্ডন শ্রেষ্ঠো ভূতঃ॥ ২০॥

পুন র্বিশেষতো ঘন ঘন চুম্বন ইত্যাদিনা তং বর্ণয়তি। অস্যার্থো রসিকৈর্ধেয়ঃ॥ ২১॥

ধানশী রাগ মণ্ঠক তালাভ্যাং।

বেলি অবসান বচন শুনি দোঁ জন সচকিত লোচন ভেল। চৌদিশ চাহি উঠি বৈঠল দুহুঁ সখিগণ তৈখনে গেল॥ অদভুত প্রেম পরকার। সেবন পরজন কয়লহি সেবন শ্রম দুর কয়ল দুঁহার॥ নিজহিঁ নিজহিঁ ঠামে যাইতে তৈখনে মন উতকণ্ঠিত কেল। সকরুণ বচন সজলহি লোচন বিদায় সময়ে দুহুঁ ভেল॥ অতিশয় কাতর হৃদয় বয়নে দুহুঁ কুঞ্জসেঁ ভেলি বাহার। দাস যদুনন্দন রাই লেই মন্দিরে তুরিতহি ভেল আগুসার॥ ২২॥ ৫॥

গৌরী রাগ নন্দন তালাভ্যাং॥

বেলি অবসান হেরি শচি নন্দন ভাবহিঁ গদ গদ বোল। কানুক গমন সময় অব হোয়ল সুনিয়ে বেনুক বোল॥ সজনী না বুঝিয়ে গৌরাঙ্গ বিলাস। প্রেমহি নিমগন রহতহিঁ অনুখন কতিহুঁ নাহি অবকাশ॥ ধ্রু॥ খেনে পুন কহই নিকটহিঁ শুনিএ ঘন হাম্বারব রাব। হেরইতে শ্যাম চন্দ্র অম্বু মানিএ গোকুল জন যত ধাব॥ ঐছন ভীতি করত কত অনুভব যো রসে কৃত অবতার। রাধামোহন পহুঁ সো বর শেখর তৈছন সতত বিহার॥ ২৩॥ ৬॥

ততো নিজ গৃহ গমন প্রকারং দর্শয়তি বেলি অবসান বচন শুনি ইত্যাদিনা॥ ২২॥

অথোত্তর গোষ্ঠ গান নির্ব্বাহকং তদ্ভাবাক্রান্তং শ্রীমদ্গৌর চন্দ্রং বেলি অবসান ইত্যাদিনা স্মরতি। অস্যার্থঃ স্পষ্টঃ॥ ২৩॥

সাম তোড়ী রাগোৎসাহ তালৌ॥

মুদির মরকত মঞ্জু সুন্দর সতত সুখময় শ্যাম। কদম্ব কিশলয় কর্ণ করম্বিত চলন নটবর ঠাম॥ জয় যদু নন্দন চন্দ। মালতি মুকুলহিঁ চূড় শোভিত যুবতি মনো শশ ফন্দ॥ ধ্রু॥ ঈষত মুকুলিত যূথি কুসুমক তেরছ কৃত বর মাল। গৌরি গুণ গণ গান গুম্ফিত গিরতহিঁ গীত রসাল॥ সঙ্গে সমরস সুঘড় সবয়স সতত করু গুণ গান। এ রাধা মোহন চীতে অনুমানল মদন মোহন ভান॥ ২৪॥ ৭॥

গৌরী রাগ মহামণ্ঠক তালৌ॥

বিপিন বিহারি হারি বর মুকুলক ফূলক কত কত ভাঁতি। ইন্দ্রনীল মণি নবঘন আদি জিনি অদভূত অঙ্গক কাঁতি॥ সুন্দরি হোর দেখ বেলি অবসানে। অপরূপ চান্দ তৈছে নখত সঞে ঐছে হোয়ত মঝু ভানে॥ ধ্রু॥ মোহন মুরুলি খুরলি বর গানহি সব জন উলাস বাঢ়াই। গোখুর ধূলি ধূসরিতাম্বর ডম্বর তছু পিছে ধাই॥ চঞ্চল নয়ন কমল বর পুন পুন অরপই তুয়া আঁখি ভৃঙ্গে। যনু বর কমল মধুকর

তচ্চিত রূপং শ্রীকৃষ্ণং বর্ণয়তি মুদির মরকত ইত্যাদিনা। মুদির মেঘঃ। মঞ্জু সুন্দর তাভ্যামপি যো মঞ্জু স্তস্মাদপি সুন্দরঃ। করম্বিত যুক্তঃ গৌরী রাধিকা পক্ষে গৌরী রাগিণী গুণ গণেন গ্রাম মূর্চ্ছনাদি রূপেণ যদ্গানং তেন গুম্ফিতং যদ্গীতং সংস্কৃতাদি ভাষয়া রচনা বিশেষঃ তদ্বদ্গীরতি কথয়তি॥ ২৪॥

ততঃ শ্রীমতীং প্রতি গোষ্ঠাদাগতং শ্রীকৃষ্ণং দর্শয়ন্তী কাচিৎ তদুভয়ো দর্শনানন্দং বিপিন বিহারি ইত্যাদিনাহ। নানাবিধ পুষ্পাণাং মুকুলৈঃ ফুট্টুলৈ র্হার রূপেণ গ্রথিতৈ র্হারী হার যুক্তঃ। তৈছে অপূর্ব্বাণি নক্ষত্রাণ্যত্র

চুম্বই ফিরি ফিরি প্রেম তরঙ্গে॥ কিএ পুন ভৃঙ্গে পদুম মুখ চুম্বই ঐছন তুহারি নয়ান। অতএ সে নাগর বিদগধ আগর পুন পুন ফিরাএ বয়ান॥ ঐছন ভাঁতি নিজ ভবনক দ্বারহিঁ আনছলে রহু কত বেরি। রাধামোহন পহুঁ রসিক শিরোমণি ব্যাকুল তুয়া মন হেরি॥ ২৫॥ ৮॥ ৪৫৪॥ ৪৭৯॥

অথ সুদূর প্রবাস স্তত্র ভাবি॥

তদুচিত গৌরচন্দ্র যথা॥

কামোদ রাগ মণ্ঠক তালাভ্যাং গীয়তে॥

সাঁজহি শচীসুত হেরিএ আন মত কি কহত কছু নাহি জানি। নগর গমন লাগি বোলত রাজদুত বড় ইহ দারুণ বানি॥ কান্দি কহত পুন রোই। লাখ লাখ বিঘিন মঝু পর বীতউ জানি পাছে বীছেদ হোই॥ ধ্রু॥ কাহে মঝু দখিন নয়ন ইহ ফুরই কাহে মঝু হীদয় কাপ। কাহে মঝু চীত করত উচাটন এত কহি করত বিলাপ॥ ঐছন হেরি পরাণ মঝু ঝুরএ কি করএ নাহিক থেহ। রাধা মোহন কহ হই আন মত নহ কাঠ কঠিন মঝু দেহ॥ ১॥

তস্য যথার্থঃ। মুরলী অভ্যাসঃ। গো খুর ধূলি ধূষরিতান্যম্বরাণি যেষাং তেষাং গোপানাং ডম্বরঃ সমূহঃ॥ ২৫॥

অথ শ্রীকৃষ্ণস্য ভাবি প্রবাস গান নির্ব্বাহকং শ্রীরাধা ভাবাক্রান্তং শ্রীম দ্গৌর চন্দ্রং সাঁজহি শচীসুত হেরিএ আন মত ইত্যাদি গীত দ্বয়েন স্মরতি॥ ১॥

যথা বা ॥

হোর দেখ সাঁজহি গৌরাঙ্গ বেয়াকুল নদি যনু ঝরএ নয়ান। কো ইহ ভাব বিভাবিত অন্তর হেরি হেরি ঝুরএ পরাণ॥ সজনী ক্ষেনে ক্ষেনে কহু ইহ বাত। ঐছন তন্ত্র মন্ত্র পরচারহ যৈছন নহ পরভাত ॥ ধ্রু ॥ তাক বিছেদ হাম সহই না পারব নিকশউ পাপ পরাণ। কি করব কৈছনে ইহ দুখ মেটব সো রিতি করহ বিধান॥ এত শুনি মধুর ভকত গণ কান্দই ততহি করত অনুবাদ। রাধামোহন দিন কিছুই না জানল অতএ সে করত বিষাদ ॥ ২ ॥

তদুচিত শ্রীকৃষ্ণ রূপং যথা ॥

জয় জয়ন্তি রাগ চঞ্চুপুট তালো ॥

জয় জয় নন্দ নন্দন চন্দ। অঙ্গ দীপতি নিন্দি নীরদ নীল নীরজ কন্দ॥ পীত অম্বর কনক ভূষণ মকর কুণ্ডল ধারি। বৃষ্ণিদূষণ কংস মারণ করণ মানস কারি। বল্লবী কুল হৃদয় আকুল করণ উদ্যম বন্ত। ততহিঁ কিঞ্চিত মসৃণ মানস নিজহি মন্দির বসন্ত॥ চরণ পঙ্কজ ভকত মানস সরসি উদয় কারি। এ রাধামোহন পাপিক মোহন এ ভব সাগর তারি ॥ ৩ ॥

তত্র শ্রীকৃষ্ণস্ত নিশ্চিত ভাবি মথুরাগমন ভাবাতি বিবশং তং হোর দেখ সাঁজহি গৌরাঙ্গ বেয়াকুল নদি যনু ঝরএ নয়ান ইত্যাদিনা পুনঃ স্মরতি ॥ ২ ॥

ততঃ কশ্চিজ্জন স্তৎ কালোচিত শ্রীকৃষ্ণ রূপং জয় জয় নন্দ নন্দন চন্দ্র ইত্যাদিনা স্মরতি। নীল নীরজ কন্দ নীলোৎপলং কন্দয়তি স্বদীপ্ত্যা পরা জয়তে স তথা হে তাদৃশ কদি নৈরুব্যো ইত্যস্মাৎ লিঙস্তারট্ ॥ ৩ ॥

শ্রীগান্ধার ধ্রুব তালো॥

না জানিয়ে কো মথুরা সঞে আয়ল তাহে হেরি কাহে জিউ কাঁপ। তব ধরি দখিন পয়োধর ফুরয়ে লোরে নয়ন যুগ ঝাঁপ॥ সখি হে অকুশল শত নাহি মানি। বিপদক লাখ তৃণহু করি না গণিএ কানু বিছেদ হোএ জানি॥ ধ্রু॥ কিয়ে ঘর বাহির চীত নারহ থির জাগরে নিদহুঁ ভায়। গঢ়ল মনোরথ তৈখনে ভাঁগল কী সখি করব উপায়॥ কুসুমিত কুঞ্জে ভ্রমর নাহি গুঞ্জই সঘন রোএ শুকশারি। গোবিন্দ দাস আনি সখি পূছহ কাহে এত বিঘিন বিথারি॥ ৪॥

ধানশী রাগ প্রতি মণ্ঠক তালো॥

ঝাঁপল উতপত লোরে নয়ান। কৈছে করত হিয়া কিছুই না জান॥ তুহুঁ পুন কি করবি গুপতহিঁ রাখি। তনু মন দুহুঁ মঝু দেয়ত সাখি॥ তব কাহে গোপসি কি কহব তোয়। বজর কি বারণ কর তলে হোয়॥ জানলুঁ এ সখি মৌন কি ওর। পিয়া পরদেশ চলবি মঝু ছোড়॥ গমন সময়ে বিরধ জনি কোয়। পিয়াক অমঙ্গল যদি পাছে হোয়॥ সময় সমাপন কী ফল আর। প্রেমক সমুচিত

অথ শ্রীকৃষ্ণস্য ভাবি মথুরা গমনমজ্ঞানতাপি প্রেম জনিত হৃদয় বৈক্লব্যেন স্বসখীং প্রতি শ্রীমতী না জানিএ ইত্যাদিকং বক্তি॥ ৪॥

ততঃ কাঞ্চিৎ সখীং তৎ পৃচ্ছ্যমানামপি প্রত্যুত্তরমকুর্ব্বতীং প্রতি ঝাঁপল উতপত লোর ইত্যাদিকমাহ। গমন কালে নিবারণার্থং কাপি বিরোধং ন করোতু যতো হ্যমঙ্গলাশঙ্কা কিন্তু অধুনৈব নিবারণং সমুচিত

অবহুঁ নিবার ॥ গোবিন্দ দাস অতএ অনুমান। পিয়া পর দেশী কাহে রহ প্রাণ ॥ ৫ ॥

সুহই রাগ ধ্রুব তালো ॥

নামহি অক্রূর ক্রূর নাহি যা সম সো আওল ব্রজ মাঝ। ঘরে ঘরে ঘোষই শ্রবণ অমঙ্গল কালি কালিহুঁ সাজ ॥ সজনী রজনি পোহাইলে কালি। রচহ উপায় যৈছে নহ পরভাত মন্দিরে রহু বনমালি ॥ ধ্রু॥ যোগিনি চরণ শরণ করি সাধহ বাঁধহ জামিনি নাথে। নখতর চাঁদ বেকত রহু অম্বর যৈছে নহত পরভাতে ॥ কালিন্দি দেবি সেবি তাহে ভাখহ সো রাখউ নিজ তাতে। কীএ শমন আনি তুরিতে মিলায়ব গোবিন্দ দাস অনুমাতে ॥ ৬ ॥

নিতি গমন সময়ে ইত্যাদি চরণ দ্বয়েনাহ ॥ ৫ ॥

ততো মথুরা নগর গতয়ে ঘোষণাং শ্রুত্বা তদ্বর্ণন পূর্ব্বকং শ্রীকৃষ্ণস্য গমন নিবারণ প্রকারং নামহি অক্রূর ইত্যাদিনা স্ব সখীং প্রতি কথয়তি নাম্নৈ বাক্রূরঃ কিন্তু নাস্তি ক্রূরো যস্মাৎ ইতি সমাসার্থঃ ক্রূর নাহি যা সম ইত্যনেন কথিতঃ। স এব ব্রজমাগতঃ। অতঃ প্রতিগৃহং শ্রবণামঙ্গলং ঘোষয়তি। কা সা ঘোষণা কালি কালিহুঁ সাজ কল্য সজ্জীভব ইত্যাদিকা। কালি কালি সাজ ইত্যুক্তি মাত্র শ্রবণাৎ পরম বৈবশ্যেন তদনুবাদ করণাসামর্থ্যং জ্ঞাতং। পাঠান্তরস্তু চিন্ত্যঃ। হে সখি তৎ কল্য রজনী প্রভাতে সতি ভবিষ্যতি অতো যথা সা প্রভাতা ন ভবতি তদুপায়ং রচয় যাবজ্জীবন ব্যাপিনী রাত্রি রাকাঙ্ক্ষিতা তথা বনমালী মন্দিরে তিষ্ঠতু। নখতর নক্ষত্রং ॥ ৬ ॥

বরাড়ি রাগ দশকোশী তালো॥

যাহে লাগি গুরু গঞ্জনে মন রঞ্জল দুরজন কি কি নাহি কেল। যাহে লাগি কুলবতি বরত সমাপলুঁ লাজে তিনাঞ্জলি দেল॥ সজনী জানলোঁ কঠিন পরাণ। ব্রজ পরিহরি সো অব যায়ব শুনইতে নাহি বাহিরাণ॥ ধ্রু॥ সো মঝু অঙ্গ পরশ রস লালসে মণিময় মন্দির ছোড়ি। কণ্ঠকি কুঞ্জে জাগি নিশি বাদর পন্থ নেহারই মোরি॥ যাহে লাগি চলই চরণে বেঢ়য়ে ফণি মণি মঞ্জির করি মান। গোবিন্দ দাস ভণ সো দিন কৈছন বিছরব ইহ অনুমান॥ ৭॥

দেশাগ রাগ নন্দন তালো॥

কি করিব কোথা যাব সোয়াথ না হয়। না যায় কঠিন প্রাণ কিবা লাগি রয়॥ পিয়ার লাগিয়া হাম কোন দেশে যাব। রজনি প্রভাত হইলে কার মুখ চাব॥ ধ্রু॥ বন্ধু যাবে দুর দেশে মরিব আমি শোকে। সাগরে তেজিব প্রাণ যেন নাহি দেখে লোকে॥ নহেত পিয়ারে গলার মালাতে করিয়া। দেশে দেশে ভরমিব যোগিনি হইয়া॥ বিদ্যাপতি কবি ইহ দুখ গান। রাজা শিবসিংহ লছিমা পরমাণ॥ ৮॥

যাহে লাগি গুরু গঞ্জনে মন রঞ্জলু ইত্যাদিনা উভয়ানুরাগমনুস্মরন্তী সন্তপতি॥ ৭॥

পূর্ব্বং তদগমন শ্রুতি মাত্রেণ যদি প্রাণঃ স্বয়ং ন নির্গতঃ তদা তং সাগরাদৌ নিঃসারয়ামি। কিম্বা প্রাণনাশো যদ্যনুকুলো ন ভবতি তদা মাল্যবৎ তং গৃহীত্বা দেশান্তরং গচ্ছামীতি কি করব কোথা যাব সোয়াথ না হয় ইত্যাদিনা কথয়তি॥ ৮॥

গান্ধার রাগ নন্দন তালো ॥

কামিনী করি কো বিহি নিরমায়ল তাহে পুন কুল মরি যাদে। তহিঁ পত্র হরি সঞে নেহ ঘটায়ল তাহে বিঘটল পরমাদে ॥ সজনী বিহি মোহে কী ভেল বাম। ছোড়ি বৃন্দাবন জানলুঁ মাথুর যায়ব সুন্দর শ্যাম ॥ ও মুখ চাঁদ হাস মধুরাধর ও দিঠে বঙ্ক নেহারি। ও মৃদু বচন সুধারসে পূরিত কৈছন বিসরব নারি ॥ যা বিনু নিমিখ আধ কত যুগ সম সো-অব আনত যাব। কঠিন জীবন অবহু নাহি নিকসত্র পুনকিএ দরশন পাব ॥ কহইতে গোরি লোরে ভরু লোচন মুরছি পড়ল তহিঁ ভোর। হাহা প্রাণ রাই ভেল অচেতন গোবিন্দ দাস করু কোর ॥ ৯ ॥

ধানসী রাগ ধ্রুব তালো ॥

মূরছিত রাই হেরি সব সখিগণ হোয়ল বিকল পরাণ। উর পর কত শত করঘাত হানই ঝাঁঝরে ঝরএ নয়ান ॥ হরি হরি কী আজু দৈবক খেলি। রাইক শ্রবণে শ্যাম দু আখর উচ সরে সব জন কেলি ॥ বহু খেনে চেতন পাই সুধামুখি কাতরে চৌদিশ চাহ। বেঢ়ি সব সহচরি করয়ে অশ্বাসন কানু কাহে যাবে পুর মাহ। তুরিতহি সঙ্কেত কুঞ্জে তোহে

শ্রীকৃষ্ণেন সহ দেশান্তর গমনং নৎ পরামৃষ্টা তেনোভয় কুল মর্য্যাদা হানি র্ভবিষ্যতি পুনর্বিমৃশ্য কামিনি করি কো বিহি নিরমায়ল ইত্যাদিনা বিলপন্তী মূর্চ্ছতি ॥ ৯ ॥

পুনশ্চেতন প্রকারঃ দূতী গমনঞ্চ মুরছিত রাই হেরি সব সখীগণ ইত্যা-

শীলব হোয়ব অধিক উলাস। তাক সম্বাদ জানাইতে তৈখন চলু যদু নন্দন দাস॥ ১০॥

শ্রীগন্ধার নন্দন তালো।

